| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃউপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি ব্রাহ্মণপাড়া কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্প/কর্মসূচী মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে চলতি অর্থ বছরে ৫১০.০০ লক্ষ টাকা ঋণ বিতরনের বিপরীতে ১৯৯.৯৫ লক্ষ টাকা ঋণ বিতরন করা হয়। চলতি অর্থ বছর ঋণ আদায় করা হয় ১১১.৬০ লক্ষ টাকা। ঋণ আদায় আদায়ের গড় হার ৯৮%। খেলাপী ঋণ ৫৫.৯০ লক্ষ টাকা। বিশেষ করে দুটি প্রকল্প সদাবিক ও বীরমুক্তিযোদ্ধা প্রকল্পের খেলাপী ঋণ তুলনামূলক বেশী এবং খেলাপী সদস্যদের তাদের বকেয়া খেলাপী ঋণ পরিশোধের তাগাদা অব্যাহত আছে। খেলাপী ঋণ আদায়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধির সার্বিক সহযোগিতা কামনা করছি। | খেলাপী ঋণ আদায়ে জোর তদারকি করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন সমবায় কর্মকর্তা |
| ১৪. | আমার বাড়ী আমার খামার প্রকল্প : শাখা ব্যবস্থাপক জানান যে, সমিতির সংখ্যা ২১০টি সদস্য সংখ্যা ৯৬০৮ জন সঞ্চয়ের পরিমাণ৪৪২.১৬ ঋণ গৃহীতার সংখ্যা ১৪০৩০ ঋণ বিতরনের পরিমাণ ২১৬৩.৩৮। ২০২১-২০২২ অর্থ বছরের ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৪.৫০ কোটি বিতরন ৪.৫ ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৪.৫০ কোটি টাকা। আদায় ৩.৭০। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ঋণ আদায়ে জোর মনিটরিং করতে হবে। | সমন্বয়কারী এবাএখা |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বরাদ্দ প্রাপ্ত ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণের ০১টি বিগত ০৫.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। আগামী ৬ নভেম্বর"জাতীয় সমবায় দিবস"/২০২১ অনুষ্ঠিত হবে। অডিট সেস এবং সিডিএফ শতভাগ আদায় সম্পন্ন হয়েছে। সমবায় সমিতি সমূহের বিধিবদ্ধ বার্ষিক অডিট চলমান রয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা উপ-সহকারী, ব্রাহ্মণপাড়া জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের মাধ্যমে (২০২০-২০২১) অর্থ বছরে উপজেলা পর্যায়ে পাইপড ওয়াটার স্কিম এর মাধ্যমে পানি সরবরাহ করা হবে। উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য ০৫ শতক জায়গা প্রয়োজন। উক্ত জায়গার সাইট নির্ধারন করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হল। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশলী ব্রাহ্মণপাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপ- সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৭ | বন বিভাগ : উপজেলা ফরেস্টার এর প্রতিনিধি জানান যে,<br>ক. উপজেলা ডাক বাংলো হইতে বেজুরা চৌমুহী পর্যন্ত ০১(এক)টি মরা গাছ কর্তন।<br>খ. ধান্যদৌল হইতে চান্দলা রাস্তা পর্যন্ত ১২ (বার) টি মরা গাছ রাস্তা উপর আছে।<br>গ.ধলগ্রাম সুলতান মেম্বারের বাড়ী হইতে জামতলী পর্যন্ত রাস্তায়২০(বিশ)টিমরাগাছ আছে।<br>ঘ.ঘাইটশালা মোড় হইতে জামতলী প্রাইমারী স্কুল পর্যন্ত ১৫(পনের)টি মরা গাছ আছে।<br>ঙ. নাগাইশ ফয়েজিয়া মাদ্রাসা হইতে ঘঘুরনদী পর্যন্ত ০৩ (তিন) টি মরা গাছ আছে। মরা গাছ গুলো জরুরী ভিত্তিতে কর্তন করা প্রয়োজন। | বিধি মোতাবেক মরা গাছ গুলি কর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্ট রেঞ্জার |
| ১৮ | পল্লী বিদ্যুৎঃ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন ও গৃহহীন ব্যক্তিদের মধ্যে নির্মিত আশ্রয়ন কেন্দ্র ঘরের বিপরীতে বিদ্যুৎ সংযোগের জন্য ইতিপূর্বেই মালাপাড়া, দুলালপুর ও শশীদল এলাকায় বৈদ্যুতিক লাইন নির্মাণ করা হয়েছে।তালিকা প্রাপ্তি সাপেক্ষে বিদ্যুৎ সংযোগের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হইবে। উপজেলা ক্যাম্পাসের বৈদ্যুতিক লাইন সমূহ পিডিবি কর্তৃক নির্মিত এবং লাইন সমূহ উপজেলার মালিকানাধীন উপজেলার লাইন সমূহ কোন ধরনের রক্ষনাবেক্ষনের/ পরিবর্তনের প্রয়োজন হলে পিডিবি কর্তৃক/ উপজেলা কর্তৃক সমাধানের ব্যবস্থা নিতে হবে। কর্তৃপক্ষ বিদ্যুৎ এর মাধ্যমে কোন ধরনের রক্ষনাবেক্ষন/পরিবর্তন এর প্রয়োজন হলে প্রকৃত খরচ প্রদান করতে হবে। উল্লেখ্য বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত সকল ধরনের কার্যাদি অত্র প্রতিষ্ঠান সম্পাদন করিয়া থাকে। | | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, ব্রাহ্মণপাড়া |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | | |
| ক | চেয়ারম্যান, শিদলাই ইউনিয়ন পরিষদ জানান যে, শিদলাই ইউনিয়নের সমস্ত রাস্তাগুলো রাবিশ ও আধলা'র মাধ্যমে মেরামত করার কারনে চেয়ারম্যান উপজেলা পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | | |
| খ. | চেয়ারম্যান, শশীদল ইউনিয়ন পরিষদ জানান যে, বড়ধুশিয়া-নাগাইশ-শশীদল রাস্তাটি সামান্য রাবিশ ও আধলা'র মাধ্যমে মেরামত করা হয়েছে। উক্ত রাস্তাটি সচল রাখতে হলে অতি দ্রুত রাস্তাটি এলজিইডি মাধ্যমে মেরামত করা প্রয়োজন। | | |
| গ. | চেয়ারম্যান, দুলালপুর ইউনিয়ন এর দুলালপুর-বালিনা রাস্তাটি অত্যান্ত জরাজীর্ণ অবস্থায় রয়েছে। গত ০৫ বছর যাবৎ বলে রাস্তাটি মেরামত করতে পারিনি। দুলালপুর বালিনা সড়কে জমির উদ্দিন বাড়ী সংলগ্ন পুকুরের অংশ গাছ পড়ে রাস্তা নষ্ট হয়েছে। | | |
| ঘ. | চেয়ারম্যান, সাহেবাবাদ জানান যে, শারদীয় দূর্গাপূজা কুমিল্লার ঘটনায় ব্রাহ্মণপাড়া প্রশাসন ও পরিষদ খুবই কঠোর ও তৎপর অবস্থানে আছে। সাহেবাবাদ বাজার হতে ঈসমাঈল ইঞ্জিনিয়ার বাড়ী রাস্তায় মরা গাছ গুলো কর্তনের ব্যবস্থা গ্রহণ করার জন্য ফরেস্টার রেঞ্জার ব্রাহ্মণপাড়া দৃষ্টি আর্কষন করেন।<br>সাহেবাবাদ বাজার সেডটি পুরাতন জরাজীর্ন অবস্থায় রয়েছে। উক্ত বাজারটি কুমিল্লা মিরপুর হাইওয়ে রাস্তার উপর হওয়ায় সারাক্ষন যানজট লেগে থাকে। বর্ষাকালে বাজারে খোলা বাজারে দোকান গুলো ও ক্রেতা সাধারন গণ বাজার করতে খুবই কষ্ট হয়। সাহেবাবাদ বাজার অত্যাধুনিক বহুতল মার্কেট নির্মাণে অধিক ফাউন্ডেশন বিশিষ্ট ভবনের বিষয়ে আলোচনা করা হয় | সাহেবাবাদ বাজার অত্যাধুনিক বহুতল মার্কেট নির্মাণে অনুমোদন করা হয় ও স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| ঙ. | উপজেলা উন্নয়ন পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দকৃত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। সভায় প্রস্তাবনা অনুযায়ী ০২টি প্রকল্প নির্ধারণ করা হয়।<br>০১। মাধবপুর আলহাজ্ব মুহাম্মদ আবু জাহের ফাউন্ডেশন কলেজ লাইব্রেরী ভবন নির্মাণ ও ওয়াশ ব্লক নির্মাণ করন।<br>২। মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় সমূহে হাই- লো বেঞ্চ সরবরাহ।<br>উল্লেখ্য যে ০১নং প্রকল্পের প্রাক্কলিত বাজেটের প্রস্তুতের পরে অবশিষ্ট অর্থ ০২নং প্রকল্পের জন্য ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ০২ নং প্রকল্পটি অবশ্যই ১০.০০ লক্ষ টাকার অধিক হতে হবে। এ বিষয়ে প্রাক্কলন প্রস্তুতির জন্য উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া মহোদয়কে অনুরোধ করা হয়। | প্রকল্প সমূহ অনুমোদিত | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া ও সহায়তা ইউডিএফ, ইউজিডিপি |
| চ. | উপজেলা ফরেস্ট রেঞ্জার এর প্রতিনিধি জানান যে, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানে কোট বিল্ডিং এর নিকট ৩৭(সাতত্রিশ)টি ছোট বড় গাছ কর্তন করার জন্য ফরেস্ট রেঞ্জার, ব্রাহ্মণপাড়া একটি পত্র পাওয়া যায় উক্ত গাছগুলো মূল্য ৬৭,৩০০/- (সাতষট্টিহাজার তিনশত) টাকা।<br>উপজেলা পরিষদ কার্যালয়ের সম্মুখ অংশের বিভিন্ন প্রজাতির মোট ২৩টি খাড়াগাছ সরেজমিনে পরিদর্শন পূর্বক আনুমানিক বাজার মূল্য ১,২৮,৭৩০/- (এক লক্ষ আটাইশ হাজার সাতশত ত্রিশ) টাকার বাজার মূল্য প্রাক্কলন উপস্থাপন করা হয়। | বিধি মোতাবেক গাছগুলো কর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ছ. | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনস্থ কার্যালয়ের জন্য ০১টি সুইভেল চেয়ার ক্রয়, বাসভবনস্থ কার্যালয়ের সোফার কাভার ও শতরঞ্জি ক্রয়, উপজেলার আনসার সদস্যদের জন্য ০৫টি চৌকি ক্রয় এবং বাসভবনস্থ কার্যালয়ের জন্য ০১টি ইলেকট্রিক কেটলি ক্রয় বিল বাবদ ৪১,৫৭৭/- (একচল্লিশ হাজার পাঁচশত সাতাত্তুর) টাকার বিল ভাউচার দাখিল করেন । | বিল ভাউচার অনুমোদিত হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

২০) উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা জানান, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ২৯ ধারায় পরিষদ উহার কার্যাবলী সুচারুরূপে সম্পাদন করিবার জন্য পরিষদ গঠিত হইবার পর ভাইস চেয়ারম্যান বা সদস্য বা মহিলা সদস্যগণ সমন্বয়ে নিম্নবর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে একটি করিয়া কমিটি গঠন করিবে, যাহার মেয়াদ সর্বোচ্চ দুই বৎসর ছয় মাস হইবে ,

ক) আইন-শৃঙ্খলা কমিটি ঃ

১। জনাব মোসাঃ তাহমিনা হক, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, ব্রাহ্মণপাড়া সদর পরিষদ,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য
৩। চেয়ারম্যান, শশীদল ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৪। জনাব অধ্যক্ষ নজরুল ইসলাম,শিদলাই আমির হোসেন জোবেদা ডিগ্রী কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৫। আবুল কাশেম মাস্টার,শশীদল,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা-সদস্য
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্রাহ্মণপাড়া থানা- সদস্য সচিব।

খ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন ঃ

১। জনাব মোসাঃ তাহমিনা হক, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সভাপতি।
২। চেয়ারম্যান, ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৩। চেয়ারম্যান, দুলালপুর ইউনিয়ন পরিষদ- সদস্য
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৫। সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৫। মোঃ শাহ আলম,অ্যাপাড়া,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা - সদস্য
৬। উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

গ) কৃষি ও সেচ ঃ

১। জনাব মোসাঃ তাহমিনা হক, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সভাপতি।
২। চেয়ারম্যান, মাধবপুর ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৩। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৫। মোঃ শাহীন, দক্ষিণ তেতাভূমি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৬। উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

শিক্ষাঃ (মাধ্যমিক ও মাদরাসা)ঃ

জনাব মোসাঃ তাহমিনা হক মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সভাপতি।
২। চেয়ারম্যান, শশীদল ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৩। চেয়ারম্যান, ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৪। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৫। উপজেলা সমবায় কর্মকর্তা ব্রাহ্মণপাড়া কুমিল্লা -সদস্য।
৬। সৈয়দ আবদুল কাইয়ুম, চান্দলা, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা-সদস্য
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

ঙ) শিক্ষাঃ (প্রাথমিক ও গণশিক্ষা) ঃ

১। জনাব মোঃ আমিনুল ইসলাম ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৩। চেয়ারম্যান, সাহেবাবাদ ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৪।উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৫। উপজেলা একাডেমিক সুপারভাইজার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৬। মোঃ জাকির হোসেন ভূইয়া, গ্রাম-আছাদনগর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

চ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ঃ

১। জনাব মোঃ আমিনুল ইসলাম ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, চান্দলা ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৩। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৪। উপজেলা পরিবার-পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৫। মাসুদ রানা সোহেল, গ্রাম-মল্লিকার দিঘী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

ছ) যুব ও ক্রীড়া ঃ

১। জনাব মোঃ আমিনুল ইসলাম ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, সাহেবাবাদ ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৪। উপজেলা সমবায় পরিকল্পনা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৫। মোঃ মনিরুল হক, গ্রাম-নাইঘর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

জ) মহিলা ও শিশু উন্নয়ন ঃ

১। জনাব মোসা ঃ তাহমিনা হক (পপি) মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান,দুলালপুর, ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৫। মোসাঃ তাসলিমা আক্তার (হ্যাপি) প্রভাষক, সাহেবাবাদ ডিগ্রী কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। সদস্য।
৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

ঝ) সমাজ কল্যাণ ঃ

১। জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান,সিদলাই, ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৩। উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৫। জাহিদুল হাসান পলাশ, গ্রাম-কল্লবাস, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা সদস্য।
৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

ঞ) মুক্তিযোদ্ধা ঃ

১। জনাব মোঃ আমিনুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, শশীদল ইউনিয়ন পরিষদ,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৪। কমান্ডার, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৫। ছৈয়দ আঃ কাফি, চান্দলা,ব্রাহ্মণপা-ড়া,কুমিল্লা-সদস্য।
৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

ট) মৎস্য ও প্রাণী সম্পদ ঃ

১। জনাব মোসাঃ তাহমিনা হক, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান,শিদলাই ইউনিয়ন পরিষদ,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।-সদস্য।
৩। উপজেলা প্রকৌশলী,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৪। উপজেলা মৎস্য কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৫। মোঃ শাহীন, তেতাভূমি,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

ঠ) পল্লী উন্নয়ন ও সমবায় ঃ

১। জনাব মোসাঃ তাহমিনা হক মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, শশীদল ইউনিয়ন পরিষদ,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৩। জনাব আবদুছ সামাদ, চেয়ারম্যান, বিআরডিবি অফিস,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা -সদস্য।
৫। মোঃ হারুন ডাক্তার, মানরা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য।
৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - সদস্য সচিব।

ড) তথ্য ও সংস্কৃতি ঃ

১। জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। উপজেলা শিক্ষা কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা-সদস্য।
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য।
৪। চেয়ারম্যান, চান্দলা ইউনিয়ন পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য ।
৫। মোঃ নাজমুল হাসান শরীফ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য ।
৬। উপজেলা মাধ্যমিক কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য সচিব।

ঢ) পরিবেশ ও বন ঃ

১। জনাব মোসাঃ তাহমিনা হক, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।।
২। চেয়ারম্যান, সাহেবাবাদ ইউনিয়ন পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য।
৩। উপজেলা কৃষি কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা-সদস্য।
৪। উপজেলা সমবায় কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য।
৫। মোঃ ইসরাফিল ভূইয়া, বড়ধুশিয়া,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৬। আবু সাইব বাপ্পি, মল্লিকারদিঘী,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা-সদস্য।
৭। উপজেলা বন কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য সচিব।

ণ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ ঃ

১। জনাব মোঃ আমিনুল ইসলাম, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, মালাপাড়া ইউনিয়ন পরিষদ,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য।
৩। উপজেলা কৃষি কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা-সদস্য।
৫। মোঃ ইরফান, ষাইটশালা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৬। মোঃ সাইফুল ইসলাম খান, চান্দলা,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা-সদস্য।
৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা- সদস্য সচিব।

র্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ ঃ

১। জনাব মোঃ তাহমিনা হক, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৩। চেয়ারম্যান, শিদলাই ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৬। অধ্যক্ষ নজরুল ইসলাম, শিদলাই আমির হোসেন জোবেদা ডিগ্রী কলেজ ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৭। উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য সচিব।

থ) জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ ঃ

১। জনাব মোঃ আমিনুল ইসলাম, । ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সভাপতি।
২। চেয়ারম্যান, শশীদল ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৩। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৫। আবু সাইব বাপ্পি, মল্লিকারদিঘী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য।
৬। উপ-সহকারী প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা- সদস্য সচিব

কমিটি অন্যূন ৫(পাঁচ) জন এবং অনূর্ধ্ব ০৭(সাত) জন সদস্য সমন্বয়ে গঠিত হইবে এবং কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কোন ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত (Co-opt)করতে পারিবে।

কমিটি দায়িত্ব ও কার্যধারা ঃ

ক) গঠিত কমিটি সংশ্লিষ্ট বিষয়ে উপজেলার উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা, ও মতামত প্রদান করবে।
খ) গঠিত কমিটি সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রমে সমন্বয় ও সহযোগীতা করবে।
গ) কমিটি সংশ্লিষ্ট বিষয়ের বিধি বিধান অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবে।
ঘ) কমিটি সংশ্লিষ্ট বিষয়ে কোন সিদ্ধান্ত নিতে পারবে না।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম এ জাহের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২০২১-৯৯(২৮)

তারিখ: ১৪/১০/২০২১খ্রি.

অনুলিপি :

১. অ্যাডভোকেট আবুল হাশেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫, কুমিল্লা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।

(১–৬) সদয় অবগতির জন্য।

৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৮. উপজেলা........................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৯. চেয়ারম্যান......................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

(৭–৯) অবগতি ও কার্যার্থে

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

# সভা নং-৩১

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২১খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : এম এ জাহের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ : ২২/১১/২০২১খ্রি: সময় : সকাল ১১.০০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনা:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় কোভিড-১৯ টিকা দান কর্মসূচী চলমান আছে। সবাই সাবধান থাকি ঘরের বাহিরে গেলে সবাই মাস্ক ও স্বাস্থ্য বিধি মেনে চলি। সরকারী অফিসে সেবা নিতে যিনি আসবেন অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে।এছাড়া হাসপাতালের সার্বিক অবস্থা সুষ্ঠভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে সবাই মাস্ক ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান,পাট, ও গম বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ প্রকল্প : বোরো প্রদর্শনী ০৮টি।<br>কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প ০৭টি। রাজস্ব প্রকল্প : বিভিন্ন প্রদর্শনী ৬০টি।এনএটিপি-২ বিভিন্ন প্রদর্শনী ৪৮টি।<br>অনাবাদি পতিত জমি ও বসত বাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন ৬২টি।<br>রবি প্রনোদনা বিভিন্ন ফসল ৬৪০জন। বোরো প্রনোদনা : উফশী ধান ১০০০জন, হাইব্রিড ধান ২৯০০ জন। | প্রদর্শনী বাগান অগ্রসাকে উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে মাঠ পর্যায়ে জোর তদারকি ও কৃষক গণকে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা সহকারী প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে,<br>ক. উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে জরুরী ভিত্তিতে ০১টি স্টীলের দরজা লাগানোর জন্য ১৩,৮০০/- (তের হাজার আটশত) টাকার ভাউচার সহ উপস্থাপন করা হয়।<br>খ. উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের জন্য এলার্ম ও সিকিউরিটি সিস্টেম এর জন্য ২৯,৮০০/- (উনত্রিশ হাজার আটশত) টাকা ও বাসভবনস্থ কার্যালয়ের জন্য গিজার ক্রয় ০১টি ১২,৭০৭/-( বার হাজার সাতশত সাত) টাকায় ক্রয় করে ভাউচার সভায় উপস্থাপন করা হয়।<br>গ. বাসভবনস্থ কার্যালয়ের জন্য সিসি ক্যামেরা ১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত) টাকা ও আনসারদের জন্য ০২টি টর্চ লাইট ক্রয় ৫,৮৭৬/- (পাঁচ হাজার আটশত ছিয়াত্তর)টাকার বিল ভাউচার উপস্থাপন করা হয়।<br>ঘ.ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন ও হলরুম নির্মাণের কাজ বাস্তবায়নের স্বার্থে পুরাতন কোর্ট বিল্ডিং ও হল রুমের পাশের বৈদ্যুতিক খুটি সরানোর জন্য কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২, ব্রাহ্মণপাড়া জোনাল অফিস হইতে খুটি/পোল স্থানান্তরের জন্য ৫৫,৪৭৭/- (পঞ্চান্ন হাজার চারশত সাতাত্তর) টাকার বিল দাখিল করেন। | ক,খ,গ ও ঘ প্রাক্কলন সমূহ অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |
| | খ. সহকারী উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া কুমিল্লা জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২য় কিস্তিতে মোট ১৭.১৮(লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অত্র দপ্তরের স্মারক নং-৪৬.০২.১৯১৫.০০০.১৮-২১-৫২০(৮) তারিখ:২৫.১০.২০২১ইং মূলে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু ০১টি ইউনিয়ন পরিষদ হইতে প্রকল্প প্রস্তাব জমা দিয়েছে। বাকী ০৭(সাত) টি ইউনিয়ন পরিষদ হইতে প্রকল্প প্রস্তাব পাওয়া যায়নি। | পুনরায় ২০২১-২০২২ অর্থ বৎসরের প্রকল্প প্রস্তাব ইউনিয়ন পরিষদের রেজুলেশান সহকারে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান যে, অক্টোবর/২০২১ মাসে নিবন্ধিত ৬০ জন জেলেকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া ২০ জন মৎস্য চাষিকে দেশীয় মাছ চাষ করার প্রশিক্ষণ দেওয়া হয়। মা ইলিশ রক্ষার্থে ব্রাহ্মণপাড়া বাজারে প্রতিদিন অভিযান চালানো হচ্ছে। চান্দলা বাজারে অভিযান চালিয়ে ১৯ কেজি নিষিদ্ধ আফ্রিকান মাগুর মাছ জব্দ ০২ জনকে ব্যবসায়ীকে মোবাইল কোর্টের মাধ্যমে ৪০০০/- টাকা জরিমানা করা হয়। মাছগুলি গোপালনগর এতিমখানায় দেওয়া হয়। মাঠ পর্যায়ে সময় সময় পুকুর পরিদর্শন করে মৎস্য চাষিদেরকে পরামর্শ দেয়া হয়েছে। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ১৫১০টি কৃত্রিম প্রজনন হয়েছে ১১৫৮টি টিকা প্রদান করা হয়েছে ৪৫১৬ মাত্রা। এছাড়া অত্র দপ্তরের সকল স্বাভাবিক কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এ বৎসর বার্ষিক পরীক্ষা না হওয়ায় শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। অত্র উপজেলায় সাহেবাবাদ ইউনিয়নের অর্ন্তগত মগপুকুরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয় এর পাশে ০১টি কড়ই গাছ রয়েছে। উক্ত গাছের শিকড় দ্বারা বিদ্যালয়ের ভবন এবং মেঝে ফাটল ধরেছে। জরুরী ভিত্তিতে গাছটি কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সভায় উপস্থাপন করেন। পশ্চিম বেড়াখলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনে বিদ্যুতের মিটার স্থাপন করতে হবে। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | কড়ই গাছটি বিধি মোতাবেক কর্তন ও বেড়াখলা সরঃ প্রাঃবিদ্যালয় বিদ্যুতের মিটার স্থাপনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এস.এস. সি পরীক্ষা সুষ্ঠ ও সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। আগামী ০২ ডিসেম্বর/২০২১ তারিখ এইচ.এস.সি /আলীম পরীক্ষা শুরু হবে।<br>২০২২ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক আসা শুরু হয়েছে। প্রায় ৫০% বই পাওয়া গিয়েছে। ডিসেম্বর মাসের মধ্যে বাকী পুস্তক পাওয়া যাবে। আগামী ১ জানুয়ারী/২০২২ তারিখ সকল শিক্ষার্থীর কাছে বই পৌঁছানো সম্ভব হবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও ওয়াশব্লকের চাহিদা রয়েছে। উপজেলা উন্নয়ন পরিচালন (জাইকার) মাধ্যমে সরবরাহ করার অনুরোধ জানানো হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা, প্রতিবন্ধী, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ৯৫% পে-রোল ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমের RSSএর আওতায় ১৩.৭৫ লক্ষ টাকা স্কীম গ্রহনের মাধ্যমে ঋণ প্রদানের কার্যক্রম চলমান আছে। নতুন বরাদ্দের প্রতিবন্ধী ভাতার তালিকা ইউনিয়ন পরিষদ থেকে পাওয়া যায়নি। পাওয়া মাত্র ব্যবস্থা গ্রহন করা হবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, ব্রাহ্মণপাড়া |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় টিআর, কাবিখা- কাবিটা (বিশেষ) বরাদ্দ পাওয়া গেছে এবং অনুমোদনের জন্য প্রকল্পসমূহ জেলা প্রশাসক মহোদয়ের নিকট প্রেরণ করা হয়েছে। উপজেলা পরিষদের টিআর, কাবিখা- কাবিটা (সাধারন) বরাদ্দ অনুমোদনের জন্য অত্র জেলায় প্রেরণ করা হবে।<br>অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ "বীর নিবাস" আবাসন প্রকল্পের কার্যাদেশ মেসার্স এস এস এন্টারপ্রাইজ,বুড়িচং, কুমিল্লাকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। চলতি সপ্তাহে কাজ শুরু করা হবে। মাটির রাস্তার আইডি নম্বর প্রদানের কাজ চলমান। আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীনদের জন্য বাসগৃহ নির্মাণ প্রকল্পের ১৫টি ঘর বরাদ্দ পাওয়া গিয়েছে। টাস্কফোর্স কমিটির অনুমোদনক্রমে চলতি সপ্তাহে বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>ঝুঁকি হ্রাস কর্মসূচি ২০০৫ ঋণ খেলাপীদের ঋণ আদায়ে অধিদপ্তরে তথ্য প্রদান করা হয়েছে। টিআর, কাবিখা, কাবিটা, ইজিপিপি প্রকল্পের আওতায় বিগত পাঁচ বছরের ক,খ,গ শ্রেণীর মাটির রাস্তায় আইডি নম্বর প্রদানে তালিকা প্রদান। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি ২০২১-২০২২ অর্থবছরের অক্টোবর/২০২১পর্যন্ত চাউল বিতরন সম্পন্ন হয়েছে। নভেম্বর /২০২১ মাসের চাউলের ডিও দেওয়া হয়েছে।<br>ভিজিডি উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে এনজিও "প্রকাস" কে নিয়োগ দেয়া হয়েছে। দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ০৮টি ইউনিয়নে ১০৯৬ জন মাতৃত্বকাল ভাতাভোগী রয়েছে এবং কার্যক্রম চলমান আছে। মাতৃত্বকাল উপকারভোগীর প্রশিক্ষন প্রদান লক্ষ্যে এন জিও পল্লী বৌনেসা সংস্থা (পবস) কে নিয়োগ দেওয়া হয়েছে।<br>মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কর্মসূচি আওতায় অক্টোবর/২০২১ মাসে সর্বমোট ৩৫,৫০৮/- টাকা আদায় হয়েছে। এবং নভেম্বর-২০২১ মাসে ঋণ আদায় কার্যক্রম চলছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ১২তম ব্যাচের প্রশিক্ষণ ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।<br>"উচ্চ ফলনশীল বারোমাসি সবজি উৎপাদনের মাধ্যমে কুমিল্লা জেলার সুবিধা বঞ্চিত নারীদের আয় ও কর্মসংস্থান বৃদ্ধি" শীর্ষক কর্মসূচির আওতায় ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়ন হতে ২০০ জন সুবিধা বঞ্চিত উপকারভোগীর তালিকা ১৭.১০.২০২১ তারিখের মধ্যে তালিকা চাওয়া হয়েছে এর তালিকা পাওয়া গেছে। যথা শীঘ্রই তালিকা যাচাই-বাছাই কার্যক্রম শুরু হবে। জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কমূসূচি এ কর্মসূচির আওতায় কোন ইউনিয়ন পরিষদ হতে তালিকা পাওয়া যায়নি।<br>মহিলা বিষয়ক কর্মকর্তার অস্থায়ী কার্যালয় ভবনটি বর্তমানে স্টাফ কোয়ার্টার পলাশ ভবনে এর ২য় তলায় অবস্থিত জরুরীভিত্তিতে দরজা, জানালা,ছাদ, বাথরুম মেরামত, ডিসটেম্পার রং করা, বৈদ্যুতিক বোর্ড লাগানো সহ পরিষ্কার পরিচ্ছন্নতা করা প্রয়োজন। | মহিলা বিষয়ক কর্মকর্তার অস্থায়ী কার্যালয়টি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগ:উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে সক্ষম দম্পতি ৪২৭১৭ জনের মধ্যে খাবার বড়ি ১৭২০৯ জন, কনডম ২৭৯০জন,ইনজেকশন ৫১১৫জন, আইইউডি ১৬২৬জন, ইমপ্লান্ট২২৭১ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৬১জন এবং মহিলা ৪২০৩ জন, ইউনিয়নের মোট ৩৩৭৭৫ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৯.০৭%।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৭২১জন। চলতি মাসে নতুন গর্ভবতী ২১৪জন। গর্ভকালীন ৮০১ জন ও গর্ভোত্তর ৫৮১ জনকে সেবা প্রদান করা হয়েছে। অক্টোবর/২০২১ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৪০ জন।<br>০-৫ বছর বয়সী শিশু সেবা ৪২৬ জনকে সেবা প্রদান করা হয়।<br>গর্ভবতী মা ও শিশু পুষ্টি সেবা ১২০৭ জন।<br>পুরুষ ৪৮০ জন, মহিলা ২৩৬৬ জন, মোট ২৮৪৬ জনকে সেবা প্রদান করা হয়। | | |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে যুবও যুব মহিলাকে আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে ২৩,১০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। মোট বিতরন ৪,৭৮,৩৬,০০০/-। চলতি অর্থ বছরে যুব ও যুব মহিলাকে ভিন্ন ভিন্ন ট্রেডে ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে অব্যাহত আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি ব্রাহ্মণপাড়া কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্প/কর্মসূচী মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে চলতি অর্থ বছরে ৫১০.০০ লক্ষ টাকা ঋণ বিতরনের বিপরীতে ১৯৯.৯৫ লক্ষ টাকা ঋণ বিতরন করা হয়। চলতি অর্থ বছর ঋণ আদায় করা হয় ১১১.৬০ লক্ষ টাকা। ঋণ আদায় আদায়ের গড় হার ৯৮%। খেলাপী ঋণ ৫৫.৯০ লক্ষ টাকা। বিশেষ করে দুটি প্রকল্প সদাবিক ও বীরমুক্তিযোদ্ধা প্রকল্পের খেলাপী ঋণ তুলনামূলক বেশী এবং খেলাপী সদস্যদের তাদের বকেয়া খেলাপী ঋণ পরিশোধের তাগাদা অব্যাহত আছে। খেলাপী ঋণ আদায়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধির সার্বিক সহযোগিতা কামনা করছি। | খেলাপী ঋণ আদায়ে জোর তদারকি করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন সমবায় কর্মকর্তা |
| ১৪. | আমার বাড়ী আমার খামার প্রকল্প : শাখা ব্যবস্থাপক জানান যে, সমিতির সংখ্যা ২১০টি ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৪.৫০ লক্ষ টাকা বিতরন হয়েছে ৪.৬০। আদায়ের লক্ষ্যমাত্রা ১৪.৫০ কোটি টাকা। আদায় হয়েছে ৪.৪০ লক্ষ টাকা। ৩৩ লক্ষ টাকা প্রনোদনা প্যাকেজ পাওয়া গিয়াছে। যা ৬৬ জন গ্রাহকদের মধ্যে বিতরন করা হবে। এই ঋণের বৈশিষ্ট্য হল যারা বিদেশ হতে দেশে চলে এসেছে এবং শহর থেকে গ্রামে চলে এসেছে।এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ঋণ আদায়ে জোর মনিটরিং করতে হবে। | সমন্বয়কারী এবাএখা |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা ০১টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৮৪।<br>বিগত ০৬.১১.২০২১খ্রিঃ তারিখে ৫০তম "জাতীয় সমবায় দিবস"/২০২১ উদযাপন করা হয়। এতে মাননীয় সংসদ সদস্য এ্যাডভোকেট আবুল হাসেম খান, এম,পি (কুমিল্লা-৫) মহোদয় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।<br>সমবায় সমিতি সমূহের আদায়কৃত শেয়ার মূলধনের পরিমাণ ২৪.৫০ লক্ষ টাকা। সঞ্চয় আমানতের পরিমাণ ৮২.৫৬ লক্ষ টাকা। ইউসিসিএলি: থেকে অডিট ফি ৩২৯০/- টাকা ভ্যাট ৪৯৫/- টাকা আদায় করা হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা উপ-সহকারী, ব্রাহ্মণপাড়া জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের মাধ্যমে (২০২০-২০২১) অর্থ বছরে উপজেলা পর্যায়ে পাইপ ওয়াটার স্কিম এর মাধ্যমে পানি সরবরাহ করা হবে। উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য [illegible] জায়গা প্রয়োজন। উক্ত জায়গার সাইট নির্বাচন করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হল। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশলী ব্রাহ্মণপাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপ- সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৭ | বন বিভাগ : উপজেলা ফরেস্টার জানান যে, ২০২১-২০২২ আর্থিক সনে ব্রাহ্মণপাড়া উপজেলায় উপকারভোগী সম্পৃক্ত করে ২.০ কি: মি: সংযোগ সড়ক স্ট্রীপ বাগান সৃজনের বরাদ্দ পাওয়া গিয়াছে। শেষের বাজার রেল ক্রসিং হইতে নাগাইশ ঘুংঘুর নদীর পাড় পর্যন্ত রাস্তাটি সদ্য মেরামতকৃত ও খালি বিধায় উক্ত রাস্তাটিতে বাগান সৃজন করার জন্য ফরেস্টার সভায় প্রস্তাব করেন।<br>এছাড়া বিক্রি বিতরণের জন্য অত্র উপজেলার ২০০০টি চারা উত্তোলনের বরাদ্দ পাওয়া গিয়াছে। চলতি মাস থেকে চারা উত্তোলনের কাজ শুরু করা হবে। এছাড়া বন বিভাগের নার্সারীটি খুবই নীচু সামান্য বৃষ্টির পানিতেই চারার গোড়ায় পানি চলে আসে। যার ফলে অনেক চারা মারা যায়। উপজেলা পরিষদের মাধ্যমে নার্সারী কিছু মাটি ফেলানোর জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট উপস্থাপন করা হয়। | স্ট্রীপ বাগান সৃজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্ট রেঞ্জার |
| ১৮ | পল্লী বিদ্যুৎঃ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর ভিতর আবাসিক ভবন কোয়াটার, সরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বকেয়া বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, ব্রাহ্মণপাড়া |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | | |
| ক. | ইউনিয়ন পরিষদ নির্বাচন তফসিল ঘোষনা হওয়ায় ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ হতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয় ও সকল চেয়ারম্যান বিদায়ী বক্তব্য প্রদান করেন। | | |
| খ. | উপজেলা পরিষদ মিলনায়তন এর জন্য ৪০টি চেয়ার, ০৩টি টেবিল ক্রয় বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ) টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। | খ ও গ অনুচ্ছেদ অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়। | |
| গ. | ব্রাহ্মণপাড়া সিএনজিস্ট্যান্ড যানজট নিরসনে সাইন বোর্ড ও বাঁশ খুটি,রশি ও শ্রমিক মুজরী বাবদ ১৯,৯৭৪/- (উনত্রিশ হাজার নয়শত চুয়াত্তর) টাকার একটি বিল ভাউচার দাখিল করেন। | | |
| ঘ. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম রাউন্ডের সক্ষমতা বৃদ্ধি মূলক উপ-প্রকল্প ও অবকাঠামো উন্নয়ন মূলক উপ প্রকল্প অনুমোদন করা হয়। প্রকল্প যাচাই বাছাই কমিটির নিকট হতে প্রাপ্ত সক্ষমতা বৃদ্ধি মূলক উপ প্রকল্প ১০ লক্ষ টাকার এবং অবকাঠামো উন্নয়ন মূলক প্রকল্প ৫০ লক্ষ টাকার আজকের সভায় উপজেলা প্রকৌশলী মহোদয় উপস্থাপন করেন। তালিকা পরিশিষ্ট "ছ" এর উল্লেখ করা হলো। | অনুমোদন করা হয় | |

(৬)

## ইউজিডিপি প্রকল্পের আওতায় ৫ম রাউন্ডে গৃহীত উপ প্রকল্প সমূহ

### প্রস্তাবিত অবকাঠামো উন্নয়ন মূলক উপপ্রকল্প সমূহ ঃ

| ক্রম | প্রস্তাবিত অবকাঠামো উপ প্রকল্প সমূহ | প্রস্তাবকারী দপ্তর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাধবপুর আবু জাহের ফাউন্ডেশন কলেজ এবং মুকিমপুর উচ্চ বিদ্যালয়ে দুইটি ওয়াশ ব্লক নির্মাণ । | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি, | |
| ০২ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের বসার জন্য হাই-লো বেঞ্চ সরবরাহ করণ। | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি, | |
| | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহ করণ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি | |
| | | | |
| | | সর্বমোট ঃ | ৫০,০০,০০০/= টাকা |

### প্রস্তাবিত সক্ষমতা বৃদ্ধি মূলক উপপ্রকল্প সমূহ ঃ

| ক্রম | প্রস্তাবিত সক্ষমতা বৃদ্ধিমূলক উপ প্রকল্পের শিরোনাম | প্রস্তাবকারী দপ্তর | অংশগ্রহণকারী |
|---|---|---|---|
| ০১ | পুষ্টি ও লাইফস্টাইলের মাধ্যমে বিভিন্ন ধরণের রোগ ( করোনা, যক্ষা, ডায়াবেটিস , হৃদরোগ ইত্যাদি ) প্রতিরোধে করণীয় বিষয়ক প্রশিক্ষণ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি | ৩৫ বছরের উর্ধ্ব বয়সী বিভিন্ন পেশার/ শ্রেণীর নারী- পুরুষ |
| ০২ | উত্তম পদ্ধতিতে মাছ চাষ এবং মাছের খাদ্য তৈরী ও গুনগতমান নিশ্চিতকরন বিষয়ক প্রশিক্ষণ। | মৎস্য | |
| ০৩ | মহিলাদের আয়বৃদ্ধি ও আত্ম কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ব্লক বাটিক ও হাতে কাজের মাধ্যমে কাপড়ে বিভিন্ন নকশা তৈরি বিষয়ক প্রশিক্ষণ । | পল্লী সঞ্চয় ব্যাংক উপজেলা পরিষদ , | নারী |
| ০৪ | বৈশ্বিক প্রেক্ষাপটে মান সম্পন্ন শিক্ষার কৌশল ও উপকরন ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ। | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া | প্রতিষ্ঠান প্রধান |
| ০৫ | বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এডোব ইলাস্ট্রেটরের মাধ্যমে গ্রাফিক ডিজাইন বিষয়ক প্রশিক্ষণ। | যুব দপ্তর | |
| ০৬ | মাদক নিয়ন্ত্রণ , গুজব দমন ও প্রতিরোধ সংক্রান্ত জনপ্রতিনিধি ও সুশীল সমাজের করোনীয় বিষয়ক প্রশিক্ষণ। | আইন শৃংখলা বিষয়ক উপজেলা পরিষদ কমিটি | জনপ্রতিনিধি ,স্থানীয় সাংবাদিক , স্থানীয় বিভিন্ন পেশা জীবির প্রতিনিধি , শিক্ষক ,ইমাম ,পুরোহিত ইত্যাদি |
| ০৭ | মাটির স্বাস্থ্য রক্ষায় জৈব সারের প্রস্তুত ও ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ। | কৃষি | কৃষক - কৃষাণী |
| | | সর্বমোট ঃ | ১০,০০,০০০.০০ টাকা |

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা চেয়ারম্যান

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

([illegible])
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২০২০-১১৪(২৮) তারিখ: ২২/১১/২০২১খ্রি.

অনুলিপি :

১. এ্যাডভোকেট আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(১–৪: সদয় অবগতির জন্য)

৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা.......................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান.......................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭–৯: অবগতি ও কার্যার্থে)

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

# সভা নং-৩২

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এম এ জাহের<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | : | ২১/১২/২০২১খ্রি সময় : সকাল ১১.০০ ঘটিকা । |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| উপস্থিত সদস্যদের তালিকা | : | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনা:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় কোভিড-১৯ টিকা দান কর্মসূচী চলমান আছে। সবাই সাবধান থাকি ঘরের বাহিরে গেলে সবাই মাস্ক ও স্বাস্থ্য বিধি মেনে চলি। সরকারী অফিসে সেবা নিতে যিনি আসবেন অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে।এছাড়া হাসপাতালের সার্বিক অবস্থা সুষ্ঠভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে সবাই মাস্ক ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান,পাট ও গম বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ প্রকল্প:বোরো প্রদর্শনী ০৮টি।<br>অতি বৃষ্টির ফলে বোরো বীজতলা পানিতে তলিয়ে গেছে। আবার নতুন করে বোরো ধানের বীজতলায় বীজ বপন করতে হবে এ বিষয়ে কৃষকদের মাঝে আমাদের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষনিক যোগাযোগ করে পরামর্শ প্রদান করে যাচ্ছেন। | উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে মাঠ পর্যায়ে জোর তদারকি ও কৃষক গণকে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা সহকারী প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে,<br>ক. আশ্রয়ন প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প বিধায় কাজটি দ্রুত বাস্তবায়ন করা দরকার। সেই লক্ষ্যে সেনের বাজার আশ্রয়ন প্রকল্পের প্রটেকশন ওয়াল নির্মাণ প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল আরএফকিউ মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |
| | খ. চেয়ারম্যান উপজেলা পরিষদ কার্যালয় ইন্টেরিয়র ডেকোরেশান কাজটি দ্রুত বাস্তবায়ন করা দরকার সেই লক্ষ্যে কাজটি RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ে টয়লেট মেরামত ও ইন্টেরিয়র ডেকোরেশান কাজটি দ্রুত বাস্তবায়ন করা দরকার সেই লক্ষ্যে কাজটি RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | খ ও গ অনুচ্ছেদ সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় আরএফকিউ মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, নভেম্বর/২০২১ মাসে উপজেলা মৎস্য দপ্তর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা কর্তৃক এনএটিপি-২ প্রকল্প হতে বালিনা সিআইজি মৎস্য সমিতিকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপস্থিতিতে একটি পিকআপ ভ্যান প্রদান করা হয়। এছাড়া চান্দলা গ্রামের একটি পুকুরে আফ্রিকান মাগুর মাছ চাষ হচ্ছে সেই অভিযোগের ভিত্তিতে উপজেলা মৎস্য কর্মকর্তা উক্ত পুকুরে একটি অভিযান পরিচালনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ১৫১০টি কৃত্রিম প্রজনন হয়েছে ১১৫৮টি টিকা প্রদান করা হয়েছে ৪৫১৬ মাত্রা। এছাড়া অত্র দপ্তরের সকল স্বাভাবিক কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এ বৎসর বার্ষিক পরীক্ষা না হওয়ায় শিক্ষার্থীদের মূল্যায়নের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। অত্র উপজেলায় সাহেবাবাদ ইউনিয়নের অর্ন্তগত মগপুকুপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয় এর পাশে ০১টি কড়ই গাছ রয়েছে। উক্ত গাছের শিকড় দ্বারা বিদ্যালয়ের ভবন এবং মেঝে ফাটল ধরেছে। জরুরী ভিত্তিতে গাছটি কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সভায় উপস্থাপন করেন। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | কড়ই গাছটি বিধি মোতাবেক কর্তন ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এইচ.এস.সি/ আলীম পরীক্ষা সুষ্ঠ ও সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে।<br>২০২২ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক আসা শুরু হয়েছে। প্রায় ৯০% বই পাওয়া গিয়েছে। আগামী ১ জানুয়ারী/২০২২ তারিখ সকল শিক্ষার্থীর কাছে বই পৌঁছানো সম্ভব হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা, প্রতিবন্ধী, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ৯৫% পে-রোল ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, ব্রাহ্মণপাড়া |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় টিআর, কাবিখা- কাবিটা (বিশেষ) বরাদ্দ পাওয়া গেছে এবং অনুমোদনের জন্য প্রকল্পসমূহ জেলা প্রশাসক মহোদয়ের নিকট হতে অনুমোদন হয়। উপজেলা পরিষদের টিআর, কাবিখা- কাবিটা (সাধারন) বরাদ্দ অনুমোদনের জন্য অন্য জেলায় প্রেরণ করা হয়েছে।<br>অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ "বীর নিবাস" আবাসন প্রকল্পের কার্যাদেশ ও সাইড বুঝিয়ে দেয়া হয়েছে কাজ চলমান আছে।<br>ঝুঁকি হ্রাস কর্মসূচি ২০০৫ ঋণ খেলাপীদের ঋণ আদায়ে অফিসকে তথ্য প্রদান করা হয়েছে। টিআর, কাবিখা, কাবিটা, ইজিপিপি প্রকল্পের আওতায় বিগত পাঁচ বছরের ক,খ,গ শ্রেণীর মাটির রাস্তায় আইডি নম্বর প্রদানে তালিকা প্রদান। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি ২০২১-২০২২ অর্থবছরের অক্টোবর/২০২১পর্যন্ত চাউল বিতরন সম্পন্ন হয়েছে। ডিসেম্বর /২০২১ মাসের চাউলের ডিও দেওয়া হয়েছে।<br>ভিজিডি উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে এনজি ও "প্রকাশ" কে নিয়োগ দেয়া হয়েছে। দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ০৮টি ইউনিয়নে ১০৯৬ জন মাতৃত্বকাল ভাতাভোগী রয়েছে এবং কার্যক্রম চলমান আছে। মাতৃত্বকাল উপকারভোগীর প্রশিক্ষন প্রদান লক্ষ্যে এন জিও পল্লী বেঁদেসা সংস্থা (পরস) কে নিয়োগ দেওয়া হয়েছে।<br>মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কর্মসূচি আওতায় নভেম্বর/২০২১ মাসে সর্বমোট ৩৯,২৬২.৫০ টাকা আদায় হয়েছে। এবং নভেম্বর-২০২১ মাসে ঋণ আদায় কার্যক্রম চলছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ১২তম ব্যাচের প্রশিক্ষণ ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।<br>"উচ্চ ফলনশীল বারোমাসি সবজি উৎপাদনের মাধ্যমে কুমিল্লা জেলার সুবিধা বঞ্চিত নারীদের আয় ও কর্মসংস্থান বৃদ্ধি" শীর্ষক কর্মসূচির আওতায় ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়ন হতে ২০০ জন সুবিধা বঞ্চিত উপকারভোগীর তালিকা ১৭.১০.২০২১ তারিখের মধ্যে তালিকা চাওয়া হয়েছে এর তালিকা পাওয়া গেছে। যথা শীঘ্রই তালিকা কার্যক্রম শুরু হবে। | মহিলা বিষয়ক কর্মকর্তার অস্থায়ী কার্যালয়টি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১১. | উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগ:উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে সক্ষম দম্পতি ৪২৭১৭ জনের মধ্যে খাবার বড়ি ১৭২০৯ জন, কনডম ২৭৯০জন,ইনজেকশন ৫১১৫জন, আইইউডি ১৬২৬জন, ইমপ্লান্ট২২৭১ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৬১জন এবং মহিলা ৪২০৩ জন, ইউনিয়নের মোট ৩৩৭৭৫ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৯.০৭%।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৭২১জন। চলতি মাসে নতুন গর্ভবতী ২১৪জন। গর্ভকালীন ৮০১ জন ও গর্ভোত্তর ৫৮১ জনকে সেবা প্রদান করা হয়েছে। অক্টোবর/২০২১ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৪০ জন।<br>০-৫ বছর বয়সী শিশু সেবা ৪২৬ জনকে সেবা প্রদান করা হয়।<br>গর্ভবতী মা ও শিশু পুষ্টি সেবা ১২০৭ জন।<br>পুরুষ ৪৮০ জন, মহিলা ২৩৬৬ জন, মোট ২৮৪৬ জনকে সেবা প্রদান করা হয়। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে যুবও যুব মহিলাকে আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে ২৩,১০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। মোট বিতরন ৪,৭৮,৩৬,০০০/-। চলতি অর্থ বছরে যুব ও যুব মহিলাকে ভিন্ন ভিন্ন ট্রেডে ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে অব্যাহত আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি ব্রাহ্মণপাড়া কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্প/কর্মসূচী মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে চলতি অর্থ বছরে ৫১০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণের বিপরীতে ১৯৯.৯৫ লক্ষ টাকা ঋণ বিতরন করা হয়। চলতি অর্থ বছর ঋণ আদায় করা হয় ১১১.৬০ লক্ষ টাকা। ঋণ আদায় আদায়ের গড় হার ৯৮%। খেলাপী ঋণ ৫৫.৯০ লক্ষ টাকা। বিশেষ করে দুটি প্রকল্প সমবিক ও বীরমুক্তিযোদ্ধা প্রকল্পের খেলাপী ঋণ তুলনামূলক বেশী এবং খেলাপী সদস্যদের তাদের বকেয়া খেলাপী ঋণ পরিশোধের তাগাদা অব্যাহত আছে। খেলাপী ঋণ আদায়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধির সার্বিক সহযোগিতা কামনা করছি। | খেলাপী ঋণ আদায়ে জোর তাগাদি করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন • সমবায় কর্মকর্তা |
| ১৪. | আমার বাড়ী আমার খামার প্রকল্প : শাখা ব্যবস্থাপক জানান যে, সমিতির সংখ্যা ২১৫টি সদস্য সংখ্যা -৭৯৮০, মোট সঞ্চয় ৩৯০০৮৩০, মোট ঋণ বিতরন ২৭,৩৪,০০০০, মোট ঋণ আদায় ১৮০৪,৪০টাকা।<br>২০২১-২০২২ ঋন বিতরনের লক্ষ্যমাত্রা ১৪৩৮.৯৫, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৪৩৮.৯৫, কর্মসৃজন ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ৩৩,০০, ঋন বিতরন ২১.৫০ এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ঋণ আদায়ে জোর মনিটরিং করতে হবে। | সমন্বয়কারী এবাএখা |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কেন্দ্রিয় সমবায় সমিতির সংখ্যা ০১টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৮৪।<br>বিগত ০৬.১১.২০২১খ্রিঃ তারিখে ৫০তম "জাতীয় সমবায় দিবস"/২০২১ উদযাপন করা হয়। এতে মাননীয় সংসদ সদস্য এ্যাডভোকেট আবুল হাসেম খান, এম,পি (কুমিল্লা-৫) মহোদয় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।<br>সমবায় সমিতি সমূহের আদায়কৃত শেয়ার মূলধনের পরিমাণ ২৪.৫০ লক্ষ টাকা। সঞ্চয় আমানতের পরিমাণ ৮২.৫৬ লক্ষ টাকা। ইউমিনিশালি: থেকে অডিট ফি ৩২৯০/- টাকা ভ্যাট ৪৯৫/- টাকা আদায় করা হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা উপ-সহকারী, ব্রাহ্মণপাড়া জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ জন্য ব্রাহ্মণপাড়া উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশলী ব্রাহ্মণপাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপ- সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৭ | বন বিভাগ : উপজেলা ফরেস্টার জানান যে, উপজেলা বনবিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে। | | ফরেস্ট রেঞ্জার |
| ১৮ | পল্লী বিদ্যুৎ: ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর ভিতর আবাসিক ভবন কোয়ার্টার, সরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বকেয়া বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, ব্রাহ্মণপাড়া |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | | |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম এ জাহের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২০২০-১১৯(২৮) তারিখ: ২১/১২/২০২১খ্রি.

অনুলিপি :

১. এ্যাডভোকেট আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
(সদয় অবগতির জন্য)
৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা.....................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান.................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
(অবগতি ও কার্যার্থে)
১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

# সভা নং-৩৩

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের জানুয়ারী/২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : এম এ জাহের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ : ১৬/০১/২০২২খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র,নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়ায় কোভিড-১৯ টিকা কার্যক্রম ব্রাহ্মণপাড়া স্বাস্থ্য কমপ্লেক্স এর পক্ষ থেকে ১ম ডোজ দেওয়া হয়েছে ১,০৫,০৭৪ জন এবং ২য় ডোজ প্রায় ৬৪০০০ এর মতো যদিও অল্প কিছুদিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে শুরু হতে যাচ্ছে শতভাগ টিকা কার্যক্রম। জানুয়ারী/২০২২ইং এর শেষ থেকে শুরু হয়ে মার্চ/২০২২খ্রি. পর্যন্ত কোভিড-১৯ এর প্রাদুর্ভাব দ্রুত বাড়ার বিশ্ব স্বাস্থ্য সংস্থার হতে জানানো হয়েছে। তাই সবাই সাবধান থাকি ঘরের বাহিরে গেলে সবাই মাস্ক ও স্বাস্থ্য বিধি মেনে চলি। এছাড়া হাসপাতালের সার্বিক অবস্থা সুষ্ঠভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে সবাই মাস্ক ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, সেচের মূল্য নির্ধারন করা হয়েছে। পর্যাপ্ত সার মজুদ আছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম ও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা |

০৩, প্রকৌশলী বিভাগঃ উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) অনুমোদিত স্কীমের তালিকা সভায় উপস্থাপন করেন।

| ইউনিয়ন | স্কীমের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| মাধবপুর | মাধবপুর আঃ মজিদ খন্দকার এর বাড়ীর হতে শেখ জাবেরের বাড়ী পর্যন্ত রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন | ২,০০,০০০/- | পিআইসি |
| | মাধবপুর আবু জাহের ফাউন্ডেশন কলেজের বাউন্ডারী ওয়াল নির্মাণ | ৫,০০,০০০/- | দরপত্র |
| শিদলাই | শিদলাই আমির হোসেন ডিগ্রী কলেজ বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২,০০,০০০/- | পিআইসি |
| | মধ্য শিদলাই আবদুর রোবহান সরকার বাড়ির কবরস্থান এর বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২,০০,০০০/- | দরপত্র |
| | শিদলাই আশরাফ মাধ্যমিক উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২,০০,০০০/- | পিআইসি |
| চান্দলা | চান্দলা ইউনিয়নে বড়ধুশিয়া হারুন চেয়ারম্যানের বাড়ী সংলগ্ন আল মদিনা মসজিদের সামনে রিটেনিং ওয়াল নির্মাণ | ৪,০০,০০০/- | দরপত্র |
| | ছোটধুশিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পেছনে গাইড ওয়াল নির্মাণ | ২,০০,০০০/- | দরপত্র |
| | চান্দলা টানা ব্রীজ শিদলাই রোড হতে উত্তর দিকে নজু মিয়ার বাড়ীর রাস্তায় ইটের সলিং | ২,০০,০০০/- | দরপত্র |
| শশীদল | শশীদল আবু তাহের কলেজের বাউন্ডারী ওয়ালের অসমাপ্ত কাজ সমাপ্ত করন | ৫,৩৭,৬৪০/- | দরপত্র |
| | শশীদল ইউনিয়নে তেতাভূমি আনন্দপুর আমিনের বাড়ীর পার্শ্বে মসজিদের উন্নয়ন | ২,০০,০০০/- | পিআইসি |
| | শশীদল ইউনিয়নে মল্লিকারদিঘী নর্কী এতিমখানা উন্নয়ন | ২,০০,০০০/- | পিআইসি |
| | শশীদল আলহাজ্ব মুহাম্মদ আবু তাহের কলেজের ছাত্রাবাস নির্মাণ | ২,০০,০০০/- | পিআইসি |
| | নারায়নপুর পশ্চিমপাড়া মসজিদের নিকট হতে পশ্চিমদিকে রাস্তায় ইটের সলিং | ১,০০,০০০/- | দরপত্র |
| | আশাবাড়ী গফুর মেম্বারের বাড়ী পাকা রাস্তা হতে পঃ দিক হয়ে উত্তর দিকে মাওলানা আবদুল হাকিমের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং | ১,০০,০০০/- | দরপত্র |
| | শশীদল ইউনিয়নে তেতাভূমি মরহুম আলী আকবরের ছেলে শাহীনের বাড়ীর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | ২,০০,০০০/- | পিআইসি |
| দুলালপুর | দুলালপুর মিরকিল্লা কবরস্থান সংলগ্ন খালের উপরে ফুট ব্রীজ নির্মাণ | ৩,০০,০০০/- | দরপত্র |
| | বেজুরা দক্ষিনপাড়া কৃষি জমির পানি নিষ্কাশনের জন্য পাইপ ড্রেইন নির্মাণ | ১,৫০,০০০/- | দরপত্র |
| | বেজুরা ইমনের বাড়ী সংলগ্ন নালার উপর কালভার্ট নির্মাণ | ১,০০,০০০/- | দরপত্র |
| | দুলালপুর পূর্বপাড়া কৃষি জমির পানি নিষ্কাশনের জন্য পাইপের ড্রেইন নির্মাণ | ১,৫০,০০০/- | দরপত্র |

| ইউনিয়নের নাম | স্কীমের নাম | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ব্রাহ্মণপাড়া সদর | সদর ইউনিয়নে কীর্তভূমি ঈদগাহে ব্রিক সলিং | ২,০০,০০০/- | পিআইসি |
| | সদর ইউনিয়নে ওআপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন খালের উপর ব্রীজের স্লাব নির্মাণ | ৩,০০,০০০/- | দরপত্র |
| | নাইঘর দোয়াপাড়া জামে মসজিদ এর টয়লেট ও প্রসাবখানা ০২টি নির্মাণ | ২,০০,০০০/- | [redacted] পিআইসি |
| সাহেবাবাদ | সাহেবাবাদ বড়তাজাইয়া কৌজিয়া খসরু দাখিল মাদরাসা উন্নয়ন | ১,৫০,০০০/- | পিআইসি |
| | সাহেবাবাদ ইউনিয়নে ছাতিয়ানী গ্রামে আমির হোসেন মেম্বার বাড়ীর পার্শে খালের উপর ফুট ব্রীজ নির্মাণ | ৩,০০,০০০/- | দরপত্র |
| | সাহেবাবাদ সৈয়দ চেয়ারম্যান বাড়ীর ব্রীজ হতে বড়তাজাইয়া রাস্তার দ্বিতীয় অংশে ইটের সলিংকরন | ৪,৫০,০০০/- | দরপত্র |
| | সাহেবাবাদ ইউনিয়নে সেকান্দর আলী বালিকা বিদ্যালয় সীমানা প্রাচীর নির্মাণ | ১,৫০,০০০/- | পিআইসি |
| মালাপাড়া | মালাপাড়া অনুয়া পশ্চিমপাড়া মরহুম আঃ মান্নান এর বাড়ীর নিকট রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ | ২,৫০,০০০/- | দরপত্র |
| | মালাপাড়া ইউনিয়নে আশ্রাফনগর আবদুল মতিন খসরু কলেজ মেরামত | ১,০০,০০০/- | পিআইসি |
| | রামনগর মফিজ মেম্বারের বাড়ীর সামনে খালের উপর কালভার্ট নির্মাণ | ৪,০০,০০০/- | দরপত্র |
| | দরপত্র আনুষাঙ্গিক খরচ | ৩৪,৩৬০/- | |
| | | ৬৮,৭২,০০০/- | |

সিদ্ধান্ত : উল্লেখিত প্রকল্প সমূহ অনুমোদন করা হয়। পিআইসি ও দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং দরপত্রের বিজ্ঞপ্তি ও আনুষাঙ্গিক খরচ বাবদ ০.৫০ পয়সা হিসাবে মোট ৩৪,৩৬০/- ( চৌত্রিশ হাজার তিনশত ষাট) টাকা আনুষাঙ্গিক ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলার নাইঘর, কাম্পুঘর ও গোপালনগর এর সরকারী খাস জলাশয়গুলো পুনঃখনন যোগ্য কিনা তার একটি রিপোর্ট উপজেলা ভূমি অফিসের মাধ্যমে পাঠানোর অনুরোধ করা হলো। এছাড়া গত মাসে ৬০ জন নিবন্ধনকৃত মৎস্যজীবীকে প্রশিক্ষণ ও উপকরন বিতরন করা হয়। পাশাপাশি প্রদান প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে গবাদী পশুর শতভাগ কৃমিনাশক বিতরন করার উদ্যোগ চলমান। নিজস্ব অর্থায়নে দপ্তর প্রধানের কক্ষে টাইলস লাগানো হয়েছে ও দুইটি কক্ষ রং করা হয়েছে। পুরো অফিস ভবন রং করার জন্য বরাদ্দ চাওয়া হয়েছে চুন খসে পড়ে কার্যক্রম ব্যাহত হচ্ছে। ভেটেনারি ফার্মেসিগুলোতে ১টি মোবাইল কোর্ট পরিচালনার করার অনুরোধ করা হয়। এছাড়া ও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ বই প্রদান করা হয়েছে। যে সকল বিদ্যালয়ে শহীদ মিনার নাই সে সকল বিদ্যালয়ে শহীদ মিনার স্থাপনের সহযোগীতা কামনা করা হয়েছে। বার্ষিক পাঠ পরিকল্পনা অনুযায়ী পাঠদান চলছে। সকল শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের কে মাস্ক ব্যবহার নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার ১২-১৮ বছরের সকল শিক্ষার্থীদের ভ্যাকসিনের কার্যক্রম চলছে। এ পর্যন্ত প্রায় ২০,৭৫২ জন শিক্ষার্থীকে ভ্যাকসিন দেয়া হয়েছে। প্রায় ৯০% আর ২ দিনের মধ্যে ১০০% শিক্ষার্থীকে ভ্যাকসিন দেয়া শেষ হবে। বই বিতরনের কার্যক্রম চলছে। শীতকালীন খেলাধুলা আরও সুন্দর করার জন্য সর্বাত্মক চেষ্টা করা হবে। সকলের সহযোগিতা কামনা করি। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপজেলা ২০২১-২০২২ অর্থবছরের বয়স্ক ৬৫১০জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ১৮৯৬ জন, প্রতিবন্ধী ৪৩০৫জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ১৫জন, শিক্ষা উপবৃত্তি ২২ জনের মধ্যে প্রতিস্থাপন ব্যতীত ৯৬% ভাতাভোগীর ২য় কিস্তির পে-রোল প্রদান করা হয়েছে। বীর নিবাস প্রকল্পের ১১৮টি গৃহ বরাদ্দের বিপরীতে বীর মুক্তিযোদ্ধাদের কাছ থেকে আবেদন গ্রহণ প্রক্রিয়াধীন আছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, ব্রাহ্মণপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় ৫৯৯২টি কম্বল বরাদ্দ পাওয়া যায়। সকল ইউনিয়ন ও মাদ্রাসা এতিমখানায় শীর্তবস্ত্র/কম্বল ১০০% বিতরন সম্পন্ন হয়েছে।<br>১ম পর্যায়ের টিআর,কাবিটা, কাবিখা প্রকল্পের কাজ শুরু /চলমান রয়েছে।<br>২য় পর্যায়ের টিআর প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে।<br>১ম পর্যায়ের ৬৫০টি ইজিপিপি কার্ড জি২পি পেমেন্ট সিস্টেমের মাধ্যমে বরাদ্দ পাওয়া গেছে। আশ্রয়ন সংশ্লিষ্ট ইউপিতে অগ্রাধিকারভিত্তিক কিছু প্রকল্পের কাজ শুরু করা হয়েছে।<br>আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় সেনের বাজার আশ্রয়ন প্রকল্পের রাস্তায় অহেদুন্নবীর কিসারিজ সংলগ্ন কালভার্টের নিকট গ্রামীণ শ্যালাসাইকিং ও মালবাহী গাড়ী চলাচলের জন্য ইটের আবল/ বাড়িন দিয়ে বোলার করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য উপজেলা পরিষদ কাউ থেকে নির্বাহ করার অনুরোধ করা হলো।<br>৩য় পর্যায়ের ৩০টি আশ্রয়ন প্রকল্পের ঘর নির্মাণ কাজ চলমান অগ্রগতির হার ৩০%। ৩য় পর্যায়ের বাকী ভূমিহীন ও গৃহহীন পূর্নবাসনের জন্য সাইট নির্ধারন কাজ চলমান আছে। দুলালপুর, মাধবপুর, মালাপাড়া, শশীদল, চান্দলা ইউপিতে কিছু প্রকল্পের মাটি ভরাটের প্রয়োজন রয়েছে। আসন্ন ২য় পর্যায়ের টিআর, কাবিখা ও কাবিটা থেকে উক্ত ভরাটের বাজেট/অর্থ নির্বাহ করার জন্য সভায় উপস্থাপন করেন।<br>বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের ১০টি আবাসনের নির্মান কাজ চলমান। ২০২১-২০২২ অর্থ বছরে শিদলাই ইউপিতে ১কিলোমিটার এইচবিবি রাস্তার দরপত্র আহবান করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | টিআর, কাবিখা ও কাবিটা ২য় পর্যায়ের বরাদ্দ হতে বাজেট/অর্থ নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি ২০২১-২০২২ অর্থবছরের ডিসেম্বর /২০২১পর্যন্ত চাউল বিতরন সম্পন্ন হয়েছে।<br>দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ০৮টি ইউনিয়নে ১০৯৬ জন মাতৃত্বকাল ভাতাভোগী রয়েছে এবং কার্যক্রম চলমান আছে। মাতৃত্বকাল উপকারভোগীর প্রশিক্ষন প্রদান লক্ষ্যে এন জিও পল্লী রেঁনেসা সংস্থা (পরস) কে নিয়োগ দেওয়া হয়েছে।<br>মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কর্মসূচি আওতায় অক্টোবর/২০২১ মাসে সর্বমোট ৩৫,৫০৮/- টাকা আদায় হয়েছে। এবং নভেম্বর-২০২১ মাসে ঋণ আদায় কার্যক্রম চলছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ১২তম ব্যাচের প্রশিক্ষণ ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।<br>"উচ্চ ফলনশীল বারোমাসি সবজি উৎপাদনের মাধ্যমে কুমিল্লা জেলার সুবিধা বঞ্চিত নারীদের আয় ও কর্মসংস্থান বৃদ্ধি" শীর্ষক কর্মসূচির আওতায় ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়ন হতে ২০০ জন সুবিধা বঞ্চিত উপকারভোগীর তালিকা ১৭.১০.২০২১ তারিখের মধ্যে তালিকা পাওয়া গেছে। যথা শীঘ্রই তালিকা যাচাই-বাছাই কার্যক্রম শুরু হবে। | মহিলা বিষয়ক কর্মকর্তার অস্থায়ী কার্যালয়টি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগ:উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে সক্ষম দম্পতি ৪২৮৬১ জনের মধ্যে খাবার বড়ি ১৭২৭৩ জন, কনডম ২৭৯১জন,ইনজেকশন ৫১৫০জন, আইইউডি ১৬০৭জন, ইমপ্লান্ট২৩৩৬ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৬৩জন এবং মহিলা ৪২১২ জন, ইউনিয়নের মোট ৩৩৯৬২ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৯.২৪%।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৬৬৩জন। চলতি মাসে নতুন গর্ভবতী ১৮৪জন। গর্ভকালীন ৮১২ জন ও গর্ভোত্তর ৭৩৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। ডিসেম্বর/২০২১ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৩৫ জন। ০-৫ বছর বয়সী শিশু সেবা ৫৬৭ জনকে সেবা প্রদান করা হয়।<br>গর্ভবতী মা ও শিশু পুষ্টি সেবা ১৫৯৫ জন।<br>পুরুষ ৩৫১ জন, মহিলা ২৩৭৭ জন, মোট ২৭২৮ জনকে সেবা প্রদান করা হয়। | | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে যুবও যুব মহিলাকে আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে ২৩,১০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। মোট বিতরন ৪,৭৮,৩৬,০০০/-। চলতি অর্থ বছরে যুব ও যুব মহিলাকে ভিন্ন ভিন্ন ট্রেডে ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে অব্যাহত আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি ব্রাহ্মণপাড়া কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্প/কর্মসূচী সুবিধাভোগী সদস্যদের নির্ধারিত ১১.০০ লক্ষ টাকা পুজি গঠনের লক্ষমাত্রার বিপরীতে ১২.৪২ লক্ষ টাকা অর্জন হয়েছে। বার্ষিক ঋণ বিতরন করা হয়েছে ৩২২.৭৫ লক্ষ টাকা ক্রমপুঞ্জিত ঋণ আদায় গড় হার ৯৮% দীর্ঘমেয়াদী খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত আছে। তদুপরি খেলাপী ঋন আদায়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করছি। | খেলাপী ঋণ আদায়ে জোর তদারকি করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন সমবায় কর্মকর্তা |
| ১৪. | আমার বাড়ী আমার খামার প্রকল্প : শাখা ব্যবস্থাপক জানান যে, সমিতির সংখ্যা ২১০টি সদস্য সংখ্যা ৮২৭৫জন সদস্যদের সঞ্চয় ৪২১.৪৯ ঋণ বিতরন ৩৬.১৪ ঋণ আদায় ২৩৫৭.৬৫। ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষমাত্রা ১৫.৪০ লক্ষ টাকা, ঋন আদায়ের লক্ষমাত্রা ১৫.৫০ টাকা। ঋন আদায় ৫.৯০ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ঋণ আদায়ে জোর মনিটরিং করতে হবে। | সমন্বয়কারী এবাএখা |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কেন্দ্রিয় সমবায় সমিতির সংখ্যা ০১টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৮৪।<br>সমবায় সমিতি সমূহের আদায়কৃত শেয়ার মূলধনের পরিমাণ ২৪.৫০ লক্ষ টাকা। সঞ্চয় আমানতের পরিমাণ ৮২.৫৬ লক্ষ টাকা। ইউসিসিএলি: থেকে অডিট ফি ৩১৯০/- টাকা ভ্যাট ৪৯৫/- টাকা আদায় করা হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা উপ-সহকারী, ব্রাহ্মণপাড়া জানান যে,<br>এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশলী ব্রাহ্মণপাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপ- সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৭ | বন বিভাগ : উপজেলা ফরেস্টার জানান যে, ব্রাহ্মণপাড়া হলরুমের পূর্বপার্শ্বে জনগনের চলাচলের সুবিধার্থে রাস্তার উপর অবস্থিত ০১টি মেহগনি ও ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়ন ভূমি অফিসের পেছনের ০১টি মেহগনি গাছ কর্তনের জন্য সভায় তদন্ত প্রতিবেদন উপস্থাপন করেন।<br>এছাড়া বন বিভাগের নার্সারীটি খবুই নীচু সামান্য বৃষ্টির পানিতেই চারার গোড়ায় পানি চলে আসে। যার ফলে অনেক চারা মারা যায়। উপজেলা পরিষদের মাধ্যমে নার্সারী কিছু মাটি ফেলানোর জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট উপস্থাপন করা হয়। | বিধিমোতাবেক গাছ ০২টি কর্তনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্ট রেঞ্জার |
| ১৮ | পল্লী বিদ্যুৎ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর ভিতর আবাসিক ভবন কোয়াটার, সরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>তিনি আরও জানান যে, আগামী ফেব্রুয়ারী/২০২২ ইং তারিখে তাঁর চাকুরীর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় অবসরে যাবেন। সকলের নিকট দোয়া চেয়ে বক্তব্য শেষ করেন। | [redacted] বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, ব্রাহ্মণপাড়া |
| ১৯ | বিবিধ আলোচনা॥ | | |
| ক. | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ব্রাহ্মণপাড়া জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলাকে শতভাগ কোভিড টিকা (ইপিআই) আওতায় আনার জন্য প্রচার, টিকা প্রদান ওয়েবসাইট ও এ্যাপস্ নির্মাণ, ওয়েব হোস্টিং, গেঞ্জি, ক্যাপ, আইডি কার্ড বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উপরে খরচ হবে তাই উপজেলা পরিষদ হতে ব্যয় করার সভায় উপস্থাপন করেন। | পিআইসি মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০১/২০২২

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২০২২-০৮ (২৮)

তারিখ:১৬/০১/২০২২খ্রি.

অনুলিপি :

১. এ্যাডভোকেট আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(১-৪: সদয় অবগতির জন্য)

৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা..........................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান......................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭-৯: অবগতি ও কার্যার্থে)

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

মুজিব শতবর্ষ MUJIB 100
উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা

# সভা নং-৩৪

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এম এ জাহের<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ১৬/০২/২০২২খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ" । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার শুরুতে জনাব আবুল হাসেম খান মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫ স্বাগত বক্তব্যে সকলকে সালাম জানান। আমি পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা ও বীর মুক্তিযোদ্ধাদের। আমি আরো স্মরণ করছি আমার নেতা অ্যাডভোকেট আবদুল মতিন খসরু এমপি কে ও প্রয়াত উপজেলা চেয়ারম্যান মুহাম্মদ আবু তাহের কে স্মরণ করছি। ব্রাহ্মণপাড়া ০৮টি ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের উদ্দেশ্যে বলেন আপনারা সৎ, নিষ্ঠা, সততা, ন্যায়পরায়নতা বজায় রেখে দায়িত্ব পালন করবেন। আপনারা জনপ্রতিনিধি সবার সাথে ভাল ব্যবহার করবেন। আমি গর্বের সাথে বলতে চাই ব্রাহ্মণপাড়া উপজেলায় দক্ষ উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে শিদলাই গ্রামের দলাদলির মিমাংসার হওয়ায় উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানাই। তিনি পরিশ্রম ও মানবিকতা দিয়ে শিদলাই গ্রামের দলাদলি শেষ করেছেন। সকল দপ্তরের কর্মকর্তাদের উদ্দেশ্যে বলতে চাই আপনারা যথাযথ ভাবে দায়িত্ব পালন করবেন।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়ায় কোভিড-১৯ টিকা কার্যক্রম ব্রাহ্মণপাড়া স্বাস্থ্য কমপ্লেক্স এর পক্ষ থেকে চলমান আছে। করোনা সংক্রমন হতে বাচতে হলে সবাই সচেতন ভাবে চলাফেরা করি। তাই সবাই সাবধান থাকি ঘরের বাহিরে গেলে সবাই মাস্ক ও স্বাস্থ্য বিধি মেনে চলি। এছাড়া হাসপাতালের সার্বিক অবস্থা সুষ্ঠভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে সবাই মাস্ক ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ ঃ- উপজেলা কৃষি কর্মকর্তা ব্রাহ্মণপাড়া জানান যে, বর্তমানে অত্র উপজেলায় বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৮৫২০ হেক্টর তারমধ্যে ৮৩৮০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়। মাঠের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষন করে জানা যায় যে বাকী জমি অল্প কয়েক দিনের মধ্যেই আবাদ সহ লক্ষ্য মাত্রা অতিক্রম করবে বলে আশা করা হচ্ছে।<br>সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকরণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে বোরো মৌসুমে উন্নয়ন সহায়তার (ভর্তুকি) প্রদানের জন্য কম্বাইন হার্ভেষ্টার,রিপার, রাইসট্রান্সপ্লান্টার যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষক/কৃষক গ্রুপ/কৃষি যন্ত্র সেবা প্রদানকারীদের মাঝে সরবরাহের লক্ষ্যে কৃষক তালিকার চাহিদা প্রেরণ করা হবে।<br>এনএটিপি-২, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ের উন্নতমানের ধান,পাট ওগম বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরন প্রকল্প, কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন ও সংরক্ষন বিতরন প্রকল্প, রাজস্ব প্রকল্প অনাবাদি পতিত জমি ও বসত বাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প চালু আছে। প্রকল্পের আওতায় কৃষক/কৃষানীদের সুবিধা হচ্ছে প্রশিক্ষণ ও বিভিন্ন প্রদর্শনী মাধ্যমে অর্থনৈতিক সচ্ছলতা বৃদ্ধি পাচ্ছে।<br>বিগত মাসে ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়নে বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর আওতায় বিভিন্ন প্রদর্শনী, বীজ ও সার সরবারহ করা হয়।<br>গত মার্চ/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে উপজেলা কৃষি অফিসের ছাদের কাজ করার জন্য প্রস্তাব কার্যবিবরণীতে অনুমোদন দেয়া হয়েছিল। বর্তমানে কৃষি অফিসের ছাদের কাজ ও বারান্দার গ্রীলের কাজ বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন করা হয়েছিল উক্ত কাজটি সম্পাদন করার জন্য উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া কে অনুরোধ করেন। | কৃষি অফিস মেরামত করা প্রাক্কলন অনুমোদন করা, পিআইসি ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

. প্রকৌশলী বিভাগ:- ব্রাহ্মণপাড়া উপজেলা প্রকৌশলী জানান যে, ক. ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) অনুমোদিত স্কীমের তালিকা সভার উপস্থাপন করেন।

| ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|
| মাধবপুর | মাধবপুর আ: মতিন খসরু সাহেবের বাড়ী হইতে শেখ জাবেদের বাড়ী পর্যন্ত রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | পিআইসি |
| | মাধবপুর আবু জাহের ফাউন্ডেশন কলেজের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৫,০০,০০০/- | দরপত্র |
| | মাধবপুর বাসস্ট্যান্ড হতে গোলাপখান এর বাড়ীর রাস্তা সলিং | ২,০০,০০০/- | দরপত্র |
| শিদলাই | মধ্য শিদলাই আবদুর রেহমান সরকার বাড়ির কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | দরপত্র |
| | শিদলাই আশরাফ মাধ্যমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| চান্দলা | বড়ধুশিয়া হারুন চেয়ারম্যানের বাড়ী সংলগ্ন আল মদিনা মসজিদের সামনে রিটেনিং ওয়াল নির্মাণ। | ৩,০০,০০০/- | দরপত্র |
| | ছোট ধুশিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পেছনে গাইড ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | দরপত্র |
| | চান্দলা টান ব্রীজ শিদলাই রোড হইতে উত্তর দিকে নবু মিয়ার বাড়ীর রাস্তা ইটের সলিং। | ২,০০,০০০/- | দরপত্র |
| শশীদল | শশীদল আবু জাহের কলেজের বাউন্ডারী ওয়ালের অসমাপ্ত কাজ সমাপ্ত করন নির্মাণ। | ৫,৩৭,৬৪০/- | দরপত্র |
| | শশীদল ইউনিয়নে কেতাড়ুমি আনন্দপুর আমিনের বাড়ীর পার্শ্বে মসজিদের উন্নয়ন। | ২,০০,০০০/- | পিআইসি |
| | শশীদল ইউনিয়নে মল্লিকার দীঘি নববী এতিমখানা উন্নয়ন। | ২,০০,০০০/- | পিআইসি |
| | শশীদল আলহাজ্ব মুহাম্মদ আবু জাহের কলেজের ছাত্রাবাস নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| | নারায়নপুর পশ্চিম পাড়া মসজিদের নিকট হতে পশ্চিম দিকে রাস্তায় ইটের সলিং। | ১,০০,০০০/- | দরপত্র |
| | আশা বাড়ী পশ্চিম মেম্বারের বাড়ী পাকা রাস্তা হতে পূর্ব দিক হতে উত্তর দিকে মাওলানা আবদুল হাকিমের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং। | ১,০০,০০০/- | দরপত্র |
| | শশীদল ইউনিয়নে কেতাড়ুমি মরহুম আলী আকবরের ছেলে শাহীনের বাড়ীর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | পিআইসি |
| দুলালপুর | দুলালপুর মিরকিল্লা কবরস্থান সংলগ্ন খালের উপরে ফুট ব্রীজ নির্মাণ। | ৪,০৬,৮০৪/- | দরপত্র |
| | বেজুরা দক্ষিণপাড়া কৃষি জমির পানি নিষ্কাশনের জন্য পাইপ ড্রেইন নির্মাণ। | ৮৮,৮২৪/- | দরপত্র |
| | বেজুরা ইমনের বাড়ী সংলগ্ন নালার উপর কালভার্ট নির্মাণ। | ১,০০,০০০/- | দরপত্র |
| | দুলালপুর পূর্বপাড়া কৃষি জমির পানি নিষ্কাশনের জন্য পাইপের ড্রেইন নির্মাণ। | ১,০৪,২৫৭/- | দরপত্র |
| ব্রাহ্মণপাড়া সদর | সদর ইউনিয়নে দীর্ঘভূমি ঈদগাহে ব্রিক সলিং। | ২,০০,০০০/- | পিআইসি |
| | সদর ইউনিয়নে অষ্টাপাড়া প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন খালের উপর ব্রীজের স্লাব নির্মাণ। | ৩,২৭,৭০৯/- | দরপত্র |
| | নাইঘর নোয়াপাড়া জামে মসজিদ টয়লেট ও ওজুখানা ২টি | ২,০০,০০০/- | পিআইসি |
| সাহেবাবাদ | সাহেবাবাদ বড় ব্রাহ্মণপাড়া কৌজিয়া মতিন খসরু দাখিল মাদ্রাসা উন্নয়ন। | ১,৫০,০০০/- | পিআইসি |
| | সাহেবাবাদ ইউনিয়নে হাড়িয়াতী গ্রামে আমির হোসেন মেম্বারের বাড়ীর পার্শ্বে খালের উপর ফুট ব্রীজ নির্মাণ। | ৩,০০,০০০/- | দরপত্র |
| | সাহেবাবাদ সৈয়দ চেয়ারম্যান বাড়ীর ব্রীজ হতে বড় ব্রাহ্মণপাড়া রাস্তার দ্বিতীয় অংশ ইটের সলিং করন। | ২,০০,০০০/- | দরপত্র |
| | সাহেবাবাদ ইউনিয়নে সেকান্দর আলী উচ্চ বালিকা বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ। | ১,৫০,০০০/- | পিআইসি |
| মালাপাড়া | মালাপাড়া অলুয়া পশ্চিম পাড়া মরহুম আ: মান্নান এর বাড়ীর নিকটে রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ। | ২,৩৬,২২৯/- | দরপত্র |
| | মালাপাড়া ইউনিয়নে আ: মতিন খসরু কলেজের মেরামত | ১,০০,০০০/- | পিআইসি |
| | রামনগর মফিজ মেম্বারের বাড়ীর সামনে খালের উপর কালভার্ট নির্মাণ। | ৩,৬৩,৭৭১/- | দরপত্র |
| | আনুষাঙ্গিক মালামাল ক্রয় | ৩৪,৩৬০/- | |
| শিদলাই | বেড়াখলা মফিজের চা দোকান হতে মিরকিল্লাহ মার্কেট রাস্তায় ইটের সলিং | ২,০০,০০০/- | দরপত্র |
| | মধ্য শিদলাই শাহজালাল দাখিল স্কুল এন্ড কলেজ রাস্তায় ইটের সলিং করন | ২,০০,০০০/- | দরপত্র |
| | ব্রাহ্মণপাড়া উপজেলায় বিজ্ঞান মনস্ক শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ২,০০,০০০/- | পিআইসি |
| | সর্বমোট | ৭০,৯৯,৭০৯/- | |

সিদ্ধান্ত: উল্লেখিত প্রকল্প সমূহ অনুমোদন করা হয়। পিআইসি ও দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং দরপত্রের বিজ্ঞপ্তি ও আনুষাঙ্গিক খরচ বাবদ ০.৫০ পয়সা হিসাবে মোট ৩৪,৩৬০/- (চৌত্রিশ হাজার তিনশত ষাট) টাকা আনুষাঙ্গিক ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| খ. | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল আওতায় প্রকল্প অলুয়া বারেক মেম্বারের বাড়ীর সামনে ড্রেইনে নির্মাণ এর স্থলে রামনগর হানিফ টিকাদার বাড়ীর সামনে ড্রেইন নির্মাণ করেন। | সংশোধিত প্রকল্প অনুমোদিত হয়। | |
| গ. | ব্রাহ্মণপাড়া উপজেলা টিসিবি ডিলার এর মাধ্যমে উপজেলার টিসিবি পন্য সরবরাহের জন্য ফ্যামিলি কার্ড তৈরী বাবদ ১,০০,০০০/- টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। | গ,ঘ,ঙ ও চ অনুচ্ছেদ অনুমোদিত ও উপজেলা রাজস্ব তহবিল খাত হতে ব্যয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ঘ. | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, মুজিব বর্ষ উপলক্ষে ব্রাহ্মণপাড়া উপজেলায় স্বাধীনতা স্মৃতি সৌধ নির্মাণ উপজেলা সভায় উপস্থাপন করেন। | | |
| ঙ. | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, আবদুল মতিন খসরু এমপি মহোদয়ের কবরস্থানে ০২টি স্ট্রীট লাইট স্থাপনে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৮৭,৫০০/-(সাতাশি হাজার পাঁচশত)টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। | | |
| চ. | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন ও হলরুম নির্মাণ কাজ বাস্তবায়নের স্বার্থে পুরাতন কোর্টবিল্ডিং ও হলরুমের পার্শ্বের বৈদ্যুতিক খুঁটি সরানো সরকারী প্রাক্কলন ব্যয় বাবদ ৫৫,৪৭৭/- (পঞ্চান্ন হাজার চারশত সাতাত্তর) টাকা পল্লী বিদ্যুৎ জোনাল অফিস ব্রাহ্মণপাড়া শাখায় জমা প্রদান করা প্রয়োজন। | | |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে প্রকল্প পরিচালক,স্থানীয় সরকার বিভাগের, স্মারক নং-৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০২০-৫৫৮,তারিখঃ২৯/০৯/২০২০খ্রি. মূলে উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৪র্থ পর্যায়) এর অধীনে ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদ ভবনে স্কুল ও পীরপুর বাসস্ট্যান্ডে ওয়াশ ব্লক নির্মাণ (প্যাকেজ নং:INF-2019-20-201915-01) কাজের নির্ধারিত ঠিকাদার প্রাক্কলন মোতাবেক ৩০/০১/২০২২ খ্রি. তারিখ ১০০% কাজ সমাপ্ত করে ১ম এবং চূড়ান্ত বিল পাওয়ার আবেদনের প্রেক্ষিতে উপ-সহকারী প্রকৌশলী জনাব মনিরুজ্জামান ( টাকা=১৫,০১,৮৭০/- টাকা) বিল প্রস্তুত করে দাখিল করেন। দাখিলকৃত বিলের মধ্যে ভ্যাট বাবদ =১,১২,৬৪০.০০ টাকা এবং আয়কর বাবদ =৪৫,০৫৬.০০ টাকা কর্তন করে ঠিকাদার মেসার্স শীষ ইঞ্জিনিয়ার্স এর নীট বিল ১৩,৪৪,১৭৭.০০ টাকা প্রস্তুত করেন। প্রস্তুতকৃত বিল প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবরে প্রেরণের জন্য ১ম ও চূড়ান্ত বিল অনুমোদন করার নিমিত্তে সভায় বিস্তারিত আলোচনা করেন। | প্রস্তুত কৃত বিলটি প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প,ঢাকা বরাবরে চূড়ান্ত বিল সহ অন্যান্য রেকর্ডপত্রাদি প্রেরণ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রকল্পের মাধ্যমে আবাদি চাষী ১৮ জনকে মৎস্য চাষিকে ০২দিন ব্যাপী প্রশিক্ষণ দেওয়া হয়। এবং ০৩টি প্রদর্শনী উপকরণ বিতরণ করা হয়েছে। এছাড়া ০২টি মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষার জন্য জেলায় পাঠানো হয়েছে। এছাড়া আমাদের সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে গবাদী পশুর চিকিৎসা ও টিকা প্রদান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। প্রকল্পের কৃমিনাশক ও টিকা কার্যক্রম ইউনিয়নভিত্তিক কার্যক্রম চলমান রয়েছে। এই মাসে LDDP প্রকল্পের প্রাণি সম্পদ প্রদর্শনী ও বিভিন্ন প্রকল্পের মেলা অনুষ্ঠিত হবে। ভেটেনারি ক্যাম্পেইনগুলোতে মোবাইল কোর্ট পরিচালনার করার অনুরোধ করা হয়। এছাড়া ও সার্বিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাসের কারণে বিদ্যালয়ে বন্ধ থাকায় পাঠদান অব্যাহত রাখতে শিক্ষকগণ শিক্ষার্থীদের মাঝে work sheet বিতরণ করছে। onlineএ পাঠদান অব্যাহত রাখছেন। বিদ্যালয়ের সার্বিক পরিবেশ পরিচ্ছন্ন রাখা হচ্ছে। বিদ্যালয়ের বিভিন্ন উন্নয়ন বরাদ্দ বাস্তবায়ন কার্যক্রম চলছে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২ সালের অধিকাংশ পাঠ্য পুস্তক বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৩ সালের জন্য বইয়ের ৪,১৫,০০০ টি পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ করা হয়েছে।<br>ইউনিক আইডি এর কাজ চলমান। ২৮.০২.২০২২ তারিখের মধ্যে শেষ করার নির্দেশনা আছে। প্রায় ২৪,০০০ শিক্ষার্থীকে ১ম ডোজ টিকা দেয়া হয়েছে। মেয়ে শিক্ষার্থীদের জন্য আয়রন ট্যাবলেট খাওয়ানোর উদ্যোগ নেয়া হয়েছে। রোবটিক্স ক্লাব গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। উক্ত কাজে তহবিলের প্রয়োজন।<br>যে সকল প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব নাই তাদের তালিকা প্রেরণ করা হবে। পুরাতন ভবন এবং যেখানে নতুন অবকাঠামো প্রয়োজন তার তালিকা তৈরী করা হবে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপজেলা ২০২১-২০২২ অর্থবছরের বয়স্ক ৬৫১০জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ১৮৯৬ জন, প্রতিবন্ধী ৪৩০৫জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ১৫জন, শিক্ষা উপবৃত্তি ২২ জনের মধ্যে ১০০% ভাতাভোগীর ২য় কিস্তির পে-রোল প্রদান করা হয়েছে। বীর নিবাস প্রকল্পের ১১৮টি গৃহ বরাদ্দের বিপরীতে আবেদন যাচাই করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অনুমোদনক্রমে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, ব্রাহ্মণপাড়া |

01869359244

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরে নির্বাচনী এলাকা ২৫৩-কুমিল্লা-০৫, ব্রাহ্মণপাড়া উপজেলায় নির্বাচনী এলাকা ভিত্তিক (কাবিখা- কাবিটা) ও টিআর ও উপজেলা পরিষদ রাজস্ব ১ম পর্যায়ের বরাদ্দের প্রকল্পের কাজের অগ্রগতি ৫০% । কাজ আগামী ১৫ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ শীর্ষক (বীর নিবাস) প্রকল্পের কাজের অগ্রগতি ৪৫% । কাজ চলমান রয়েছে। এইচবিবি ১০০০ মিটার প্রকল্পের কাজের লে-আউট প্রদান করা হয়েছে। আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় (৩য় পর্যায়ের)৬০ টি ভূমিহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পের কাজের অগ্রগতি ৫৫% কাজ চলমান আছে। ২য় পর্যায়ের ৩০টি ঘরের নির্মাণ কাজ চলমান আছে। সেনের বাজার আশ্রয়ণ প্রকল্পের মাটি ভরাট/ভূমি উন্নয়নের কাজের ,৪০ মেঃটন বরাদ্দের বিপরীতে ৮০.২৬০ মেঃটন গমের কাজ বাস্তবে সম্পন্ন করা হয়েছে। অতিরিক্ত ৪০.২৬০ মেঃটন গমের চাহিদা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করলেও নতুন বরাদ্দ পাওয়া যায়নি। তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও বর্তমান উপজেলা চেয়ারম্যান মহোদয় অবশিষ্ট অতিরিক্ত কাজের ব্যয় উপজেলা পরিষদ/কাবিখা/টিআর প্রকল্প থেকে সংস্থান করার আশ্বাস দিয়েছিলেন। ২০২১-২০২২ অর্থ বছরে নির্বাচনী এলাকা ২৫৩ কুমিল্লা-০৫, ব্রাহ্মণপাড়া উপজেলায় নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর ও উপজেলা পরিষদ রাজস্ব ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। কাবিটা ৩য় পর্যায়ে ঘরগৃহ নির্মাণে ৮৩টি ঘরগৃহ নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। আগামী সপ্তাহ থেকে নির্মাণ কাজ শুরু হবে। প্রকল্প হতে অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>খ) শশীদল সেনের বাজার আশ্রয়ণ প্রকল্পের আবেদনকারীর কিশারিক সংলগ্ন কালভার্ট থেকে ব্রিক ফ্ল্যাটসলিং ও সেনের বাজার পর্যন্ত রাস্তায় ৪০০টি মালবাহী ট্রাক চলাচলের জন্য বালি/মাটি দিয়ে রোলার দিয়ে কম্প্যাকশন করার জন্য ২,৫০,০০০/-( দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বরাদ্দ দিয়ে বাস্তবায়ন করা জরুরী। | খ অনুচ্ছেদ অনুমোদন করা হয় ও উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি ২০২১-২০২২ অর্থবছরের জানুয়ারী /২০২২পর্যন্ত চাউল বিতরন সম্পন্ন হয়েছে। জানুয়ারী/২০২২ মাস পর্যন্ত ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় আদায় ৩১২৯০৮০/-টাকা।<br>দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে প্রতি ইউনিয়নে ০৮টি ইউনিয়নে ১০৯৬ জন মাতৃত্বকাল ভাতাভোগী হয়েছে এবং কার্যক্রম চলমান আছে।<br>মাতৃত্বকাল উপকারভোগীর প্রশিক্ষণ প্রদান লক্ষ্যে এন জিও পল্লী চেতনা সংস্থা (পচস) কে নিয়োগ দেওয়া হয়েছে।<br>মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কর্মসূচি আওতায় জানুয়ারী/২০২২ মাসে সর্বমোট ৪৭,২৫০/- টাকা আদায় হয়েছে। এবং ফেব্রুয়ারী-২০২২ মাসে ঋণ আদায় কার্যক্রম চলছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ১২তম ব্যাচের প্রশিক্ষণ ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।<br>"উচ্চ ফলনশীল বারোমাসি সবজি উৎপাদনের মাধ্যমে কুমিল্লা জেলার সুবিধা বঞ্চিত নারীদের আয় ও কর্মসংস্থান বৃদ্ধি" শীর্ষক কর্মসূচির আওতায় ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়ন হতে ২০০ জন মহিলা সুবিধা বঞ্চিত উপকারভোগীর প্রশিক্ষণ কার্যক্রম ০৮.০২.২০২২ তারিখে সমাপ্ত হয়েছে। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগঃউপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে সক্ষম দম্পতি ৪২৯১৩ জনের মধ্যে খাবার বড়ি ১৭২৭৬ জন, কনডম ২৭৮৭১জন,ইনজেকশন ৫১৫২জন, আইইউডি ১৬৩৭জন, ইমপ্লান্ট ২০৬২ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৬০জন এবং মহিলা ৪২১৫ জন, ইউনিয়নের মোট ৩৩৯৮৯ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৯.২০% মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৬৩৫জন। চলতি মাসে নতুন গর্ভবতী ১৬৫জন। গর্ভকালীন ১০২২ জন ও প্রসবোত্তর ৪৯৫৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। জানুয়ারী/২০২২ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৪০জন।<br>০-৫ বছর বয়সী শিশু সেবা ৬০৮ জনকে সেবা প্রদান করা হয়।<br>গর্ভবতী মা ও শিশু পুষ্টি সেবা ৯২৮ জন।<br>পুরুষ ৩৯১ জন, মহিলা ২৬৭৩ জন, মোট ৩০৬৪ জনকে সেবা প্রদান করা হয়। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে যুবও যুব মহিলাকে আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে ২৩,১০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। মোট বিতরন ৪,৭৮,০৬,০০০/-। চলতি অর্থ বছরে যুব ও যুব মহিলাকে ৩৬০ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই পর্যন্ত মোট প্রশিক্ষন ৬০০৪ জন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে অব্যাহত আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃউপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি ব্রাহ্মণপাড়া কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্প/কর্মসূচী সুবিধাভোগী সদস্যদের নির্ধারিত ১১.০০ লক্ষ টাকা পুঁজি গঠনের লক্ষমাত্রার বিপরীতে ১২.৪২ লক্ষ টাকা অর্জন হয়েছে। বার্ষিক ঋণ বিতরন করা হয়েছে ৩২২.৭৫ লক্ষ টাকা ক্রমপুঞ্জিত ঋণ আদায় গড় হার ৯৮% দীর্ঘমেয়াদী খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত আছে। তদুপরি খেলাপী ঋণ আদায়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করছি। | খেলাপী ঋণ আদায়ে জোর তদারকি করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন সমবায় কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | আমার বাড়ী আমার খামার প্রকল্প। শাখা ব্যবস্থাপক জানান যে, সমিতির সংখ্যা ২১০টি সদস্য সংখ্যা ৮২৭৫জন সদস্যদের সঞ্চয় ৪২১.৪৯ ঋণ বিতরন ৩৬.১৪ ঋণ আদায় ২৩৫৭.৬৫। ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৫.৪০ লক্ষ টাকা, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৫.৫০ টাকা। ঋণ আদায় ৫.৯০ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ঋণ আদায়ে জোর মনিটরিং করতে হবে। | সমন্বয়কারী এসএএসও |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কেন্দ্রিয় সমবায় সমিতির সংখ্যা ০১টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৪৮। অডিট ফি আদায় হয়েছে ৮০৯৫/- সমবায় উন্নয়ন তহবিল আদায় হয়েছে ২৩৫০/-প্রশিক্ষণ ০২টি, ভ্রাম্যমান সমবায় প্রশিক্ষণের মাধ্যমে ৫০জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০১টি কেন্দ্রিয় সমিতি এবং ৮৮টি প্রাথমিক সমবায় সমিতির অডিট সম্পন্ন হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপজেলা উপ-সহকারী, ব্রাহ্মণপাড়া জানান যে,গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশলী ব্রাহ্মণপাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপ- সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৭ | বন বিভাগ: উপজেলা ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | ফরেস্ট রেঞ্জার |
| ১৮ | পল্লী বিদ্যুৎ: ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর ভিতর আবাসিক ভবন কোয়ার্টার, সরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>তিনি আরও জানান যে, আগামী ফেব্রুয়ারী/২০২২ ইং তারিখে তাঁর চাকুরীর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় অবসরে যাবেন। সকলের নিকট দোয়া চেয়ে বক্তব্য শেষ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস, ব্রাহ্মণপাড়া |
| ১৯ | বিবিধ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ক. | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর "অপ্রত্যাশিত খাতে ব্যয়" হতে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলায় নিম্নলিখিত আবেদন বিবেচনার জন্য উপস্থাপন করা হয়।<br>মোঃ হুমায়ুন কবির, পিতা-বীর মুক্তিযোদ্ধা মোঃ তাজুল ইসলাম, গ্রাম-কড়ুবাগ,ডাকঘর-মালাপৈল, ইউনিয়ন-ইউনিয়ন, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা। তাহার মেয়ের ক্যান্সার রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ এর নিকট আর্থিক সাহায্যের জন্য আবেদন করেন। | অনুমোদন মোঃ হুমায়ুন কবির কে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা অপ্রত্যাশিত খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| খ. | উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া সিএন্ডবি স্ট্যান্ড বাজারে চকলা মার্কেট নির্মাণ হওয়ায় উক্ত স্থানের দোকান পাটগুলোকে ব্রাহ্মণপাড়া ভগবান হাইস্কুল মাঠের পূর্ব কোনায় স্থাপন করা করার জন্য সভায় উপস্থাপন করেন। | অনুমোদন করা হয়। | উপজেলা পরিষদ |
| গ. | উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া,কুমিল্লা জানান যে, ব্রাহ্মণপাড়া সিএন্ডবি স্ট্যান্ড দীর্ঘদিন ধরে যানজটের কারনে সাধারন জনগনকে চরম ভোগান্তী পোহাতে হয়। যানজট নিয়ন্ত্রনে সিএন্ডবি স্ট্যান্ড এর ইজারাদার কর্তৃক ০৩ জন লাইনম্যান নিযুক্ত করা হয়েছে। যাহারা যানজট নিয়ন্ত্রনে কাজ করার জন্য প্রতি গাড়ী হতে ৫/- টাকা হারে টাকা আদায় করে। মেইন রোডে গাড়ী থামিয়ে টাকা আদায় করার ফলে সিএন্ডবিস্ট্যান্ড এলাকায় নিত্য যানজট লেগেই থাকে ফলে গাড়ী হতে টাকা আদায় না করে সিএন্ডবিস্ট্যান্ড এর ইজারা মূল্য হতে লাইনম্যানদের মাসিক (১০,০০০×৩)=৩০,০০০/- হারে আগামী ০৩ মাসের জন্য ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা পরিশোধের প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনাতে উপজেলা সিএন্ডবিস্ট্যান্ড এর ইজারামূল্য খাত ৯০,০০০/- টাকা পরিশোধ করার সর্ব সম্মতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| ঘ. | উপজেলা পরিষদ এর ভবনের ছাদ ও পানির লাইন মেরামত এর জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা ও উপজেলা পরিষদের মাসিক সভায় ফুল দিয়ে সজ্জা, ফুলের ঝুড়ি ও ক্রেস্ট ০৮টি খরচে ভ্যাট সহ ব্যয় ১৪,৮৫০/-(চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয় করা হয়। উক্ত ব্যয় অনুমোদন প্রদানের জন্য সভায় পেশ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| ঙ. | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় বীর মুক্তিযোদ্ধা গণের নামে উপজেলার বিভিন্ন রাস্তা নাম করনের জন্য সভায় উপস্থাপন করেন। | অনুমোদিত | |